# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmr.dm@betar.gov.bd

Jaistha 04, 1433 Bangla, May 18, 2026, Monday, No. 135, 56th year

# H I G H L I G H T S

Government has approved in-principle to implement ninth national pay scale for its employees from 1st July, three-phase rollout strategy has been adopted. [Jago FM: 12]

Information and Broadcasting Minister has said, government will step away from system of allocating advertising based on fabricated TRP and newspaper circulation data. [Jago FM: 10]

A writ petition has been filed with High Court seeking an investigation into role of former chief adviser Dr Muhammad Yunus and other advisers over handling of measles vaccination. [R. Tehran: 08]

Six more people have died from measles and measles-like symptoms in country. [BBC: 03]

Dubai Taxi Company has expressed interest to recruite 6,000 drivers from Bangladesh this year. [R. Today: 15]

State Minister for Fisheries and Livestock has said, there is sufficient stock of livestock to meet country's demand for upcoming holy Eid-ul-Azha. [R. Today: 17]

CID has identified 116 online gambling websites and handed over the list to Bangladesh Telecommunication Regulatory Commission for immediate blocking. [BBC: 04]

World Health Organization has declared public health emergency across the globe as Ebola outbreak announced in Democratic Republic of Congo. [BBC: 08]

Iran has said, its government is planning to launch an insurance scheme for ships plying in Strait of Hormuz. [NHK: 08]

| | | |
|---|---|---|
| **Director: 44813046** | **Deputy News Controller: 44813048<br>44813179** | **Assistant News Controller: 44813047<br>44813178** |

**দৈনিক মনিটরিং রিপোর্ট**
**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**
**জ্যৈষ্ঠ ০৪, বাংলা ১৪৩৩, মে ১৮, ২০২৬, সোমবার, নং- ১৩৫, ৫৬তম বছর**

# শিরোনাম

সরকারি চাকরিজীবীদের জন্য বহুল প্রতীক্ষিত নবম জাতীয় বেতন কাঠামো আগামী ১লা জুলাই থেকে কার্যকর করার নীতিগত সিদ্ধান্ত সরকারের, তিন ধাপে বাস্তবায়নের পরিকল্পনা। [জাগো নিউজ: ১২]

মনগড়া তথ্যের ভিত্তিতে করা টেলিভিশন চ্যানেলের টিআরপি এবং পত্রিকার প্রচার সংখ্যা অনুযায়ী বিজ্ঞাপন বণ্টন ব্যবস্থা থেকে সরকার বেরিয়ে আসবে --- জানিয়েছেন তথ্য ও সম্প্রচারমন্ত্রী। [জাগো নিউজ: ১০]

হামের টিকা দেওয়ায় ব্যর্থতার অভিযোগে অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূসসহ সাবেক উপদেষ্টাদের দেশত্যাগে নিষেধাজ্ঞা চেয়ে হাইকোর্টে রিট । [রেডিও তেহরান: ০৮]

দেশে হামের উপসর্গ নিয়ে আরো ছয় শিশুর প্রাণহানি। [বিবিসি: ০৩]

বাংলাদেশ থেকে নতুন করে ৬ হাজার দক্ষ ড্রাইভার নিয়োগ দেবে দুবাই ট্যাক্সি কোম্পানি। [রে. টুডে: ১৬]

আসন্ন পবিত্র ঈদুল আজহায় দেশের চাহিদা মেটাতে পশুর পর্যাপ্ত মজুত রয়েছে --- জানিয়েছেন মৎস্য ও প্রাণিসম্পদ প্রতিমন্ত্রী । [রে. টুডে: ১৮]

অনলাইন জুয়ার সঙ্গে জড়িত ১১৬টি ওয়েবসাইট বন্ধে বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশনের কাছে তালিকা দিয়েছে সিআইডি। [বিবিসি: ০৪]

ডেমোক্রেটিক রিপাবলিক অব কঙ্গোতে ইবোলা প্রাদুর্ভাব ছড়িয়ে পড়ায় বিশ্বে জনস্বাস্থ্য জরুরি অবস্থা ঘোষণা করেছে বিশ্ব স্বাস্থ্য সংস্থা । [বিবিসি: ০৮]

ইরান জানিয়েছে, সরকার হরমুজ প্রণালি দিয়ে যাতায়াতকারী জাহাজগুলোর জন্য একটি বীমা প্রকল্প চালুর পরিকল্পনা করছে। [এনএইচকে: ০৮]

# বিবিসি

## তারেক রহমানের সঙ্গে বৈঠক করেছেন সম্পাদক পরিষদের নেতারা

বাংলাদেশের প্রধানমন্ত্রী তারেক রহমানের সাথে বৈঠক করেছেন সম্পাদক পরিষদের নেতারা। এসময় সাংবাদিকদের নামে হয়রানিমূলক মামলার বিষয়গুলো প্রধানমন্ত্রীর কাছে তুলে ধরেন সম্পাদক পরিষদের নেতারা। রোববার দুপু রে, বাংলাদেশ সচিবালয়ে মন্ত্রিপরিষদ বিভাগের জনপ্রশাসন সভাকক্ষে এই বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠক শেষে দ্য ডেইলি স্টার সম্পাদক মাহফুজ আনাম জানান , গণ-অভ্যুত্থানের পর থেকে এখন পর্যন্ত প্রায় ২৮০ জনের মতো সাংবাদিকের নামে হত্যাসহ বিভিন্ন মামলা হয়েছে। এর মধ্যে ৯৪ জন সাংবাদিককে হত্যা মামলার আসামি করা হয়েছে। বিষয়টি তারা প্রধানমন্ত্রীর নজরে এনেছেন। এর প্রেক্ষিতে মামলাগুলোর বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার জন্য তথ্যমন্ত্রীকে নির্দেশ ও দায়িত্ব দিয়েছেন প্রধানমন্ত্রী। দৈনিক মানবজমিন সম্পাদক মতিউর রহমান চৌধুরী বিবিসি বাংলাকে বলেন , এর আগে, যখন সম্পাদক পরিষদের সাথে প্রধানমন্ত্রীর বৈঠক হয়েছিল, তখন মামলার বিষয় তোলা হলে তিনি তালিকা চেয়েছিলেন। আজকে আমরা সেই তালিকা দিয়েছি। বৈঠকে তথ্য ও সম্প্রচার মন্ত্রী জহির উদ্দিন স্বপন , প্রতিমন্ত্রী ইয়াসের খান চৌধুরী , প্রধানমন্ত্রীর তথ্যবিষয়ক উপদেষ্টা ডা . জাহেদ উর রহমান , সম্পাদক পরিষদের সভাপতি ও নিউএজ সম্পাদক নূরুল কবির , সাধারণ সম্পাদক বণিক বার্তার সম্পাদক দেওয়ান হানিফ , প্রথম আলোর সম্পাদক মতিউর রহমানসহ বিভিন্ন পত্রিকার সম্পাদকরা উপস্থিত ছিলেন। (বিবিসি ওয়েব পেজ: ১৭.০৫.২০২৬ এলিনা)

## হাম উপসর্গ নিয়ে আরো ছয় শিশুর মৃত্যু

বাংলাদেশে গত ২৪ ঘণ্টায় হাম উপসর্গ নিয়ে আরো ছয় শিশুর মৃত্যু হয়েছে। এ নিয়ে দেশটিতে হাম উপসর্গে ৪৫৯ শিশুর মৃত্যু হলো। যদিও সরকার বলছে , গত ২৪ ঘণ্টায় মারা যাওয়া শিশুদের মধ্যে নিশ্চিত হাম শনাক্ত হয়েছে একজনের, বাকিদের সন্দেহজনক হাম রোগে মৃত্যু হয়েছে। অন্য দিকে, এখন পর্যন্ত মোট মারা যাওয়া ৭৫ শিশুর নিশ্চিত হাম শনাক্ত হয়েছে। তবে সন্দেহজনক হাম রোগে মারা গেছে ৩৮৪ শিশু। বাংলাদেশে এই বছরের ফেব্রুয়ারি মাস থেকেই হাম ভয়াবহ আকার ধারণ করেছে। এজন্য গত কয়েক বছরে শিশুদের হামের টিকা না দেওয়াকে সবচেয়ে একাধিক কারণ চিহ্নিত করেছেন বিশেষজ্ঞরা।(বিবিসি ওয়েব পেজ: ১৭.০৫.২০২৬ এলিনা)

## উপাচার্য নিয়োগকে কেন্দ্র করে গাজীপুরে ডুয়েটে দফায় দফায় সংঘর্ষ

গাজীপুরে অবস্থিত ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে বা ডুয়েটে নতুন উপাচার্য নিয়োগকে কেন্দ্র করে শিক্ষার্থী ও পুলিশের বিক্ষোভ ও দফায় দফায় সংঘর্ষ হয়েছে। এসময় ইট -পাটকেল নিক্ষেপে উভয়পক্ষের বেশ কয়েকজন আহত হয়েছেন। পুলিশ ও স্থানীয় গণমাধ্যম কর্মীরা জানিয়েছেন , সম্প্রতি ডুয়েটের উপাচার্য হিসেবে নিয়োগ দেওয়া হয়েছে শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. মোহাম্মদ ইকবালকে। মি. ইকবালকে উপাচার্য নিয়োগ করে প্রজ্ঞাপন জারির পরপরই তা প্রত্যাখ্যান করেছেন বিশ্ববিদ্যালয়ের সাধারণ শিক্ষার্থীদের একটি পক্ষ। এ নিয়ে বৃহস্পতিবার রাতেই প্রতিবাদ জানান শিক্ষার্থীদের একটি অংশ। গাজীপুর সদর থানার ওসি মোহাম্মদ আমিনুল ইসলাম বিবিসি বাংলাকে বলেন , শিক্ষার্থীদের একটা অংশের দাবি ছিল , যেন ডুয়েটের কোনো শিক্ষককেই উপাচার্য নিয়োগ দেওয়া হয়। সেটি নিয়েই মূলত এই প্রতিবাদ ও সংঘর্ষ। রোববার সকালে শিক্ষার্থীদের একটি অংশ ক্যাম্পাসে বিক্ষোভ শুরু করেন। সকালে শিক্ষার্থীরা শহিদ মিনারে জড়ো হলে পুলিশ -ছাত্রদের মধ্যে সংঘর্ষ হয়। এতে ইট-পাটকেলে পাঁচ পুলিশ সদস্যসহ বেশ কয়েকজন আহত হয়। পরে দুপুর ১২টার দিকে পরিস্থিতি নিয়ন্ত্রণে আসে এবং সংকট সমাধানে পুলিশ, শিক্ষার্থী ও বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ বৈঠকে বসে। গাজীপুর সদর থানার ওসি মি. ইসলাম বিবিসি বাংলাকে বলেন, ”ডুয়েটে উপাচার্য নিয়োগকে কেন্দ্র করে শিক্ষার্থীদের মধ্যে উত্তেজনা চলছিল। এ নিয়ে আজকে সংঘর্ষও হয়েছে। বর্তমানে পরিস্থিতি শান্ত রয়েছে। ঘটনাস্থলে অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে।„
(বিবিসি ওয়েব পেজ: ১৭.০৫.২০২৬ এলিনা)

## তাপপ্রবাহ ও বৃষ্টিপাত নিয়ে পাঁচদিনের পূর্বাভাস দিয়েছে আবহাওয়া অধিদপ্তর

আগামী পাঁচদিন দেশের তাপপ্রবাহ ও বৃষ্টিপাত নিয়ে ১২০ ঘণ্টার পূর্বাভাস দিয়েছে আবহাওয়া অধিদপ্তর। এতে বলা হয়েছে, রোববার সারা দেশে দিনের তাপমাত্রা সামান্য বাড়তে পারে এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে। এছাড়া মাদারীপুর , লক্ষ্মীপুর, রাজশাহী ও পাবনা জেলাসহ খু লনা বিভাগের ওপর দিয়ে মৃদু তাপপ্রবাহ বয়ে যাচ্ছে এবং তা অব্যাহত থাকতে পারে। পরদিন ১৮ মে সোমবার সারা দেশে দিন ও রাতের তাপমাত্রা সামান্য বাড়তে পারে। সেই সাথে দেশের আটটি বিভাগেই বৃষ্টিপাতের পূর্বাভাস দিচ্ছে আবহাওয়া অধিদপ্তর। মঙ্গলবার সারা দেশে দিন ও রাতের তাপমা ত্রায় খুব একটা পরিবর্তন দেখা যাবে না। এদিন ভারী বৃষ্টিপাত হতে পারে সিলেট বিভাগের কোথাও কোথাও। বুধবার সারা দেশে দিনের তাপমাত্রা সামান্য কমতে পারে , তবে অপরিবর্তিত থাকবে রাতের তাপমাত্রা। বৃহস্পতিবার সারা দেশে দিন ও রাতের তাপমাত্রা সামান্য কমতে পারে বলেও পূর্বা ভাস দিচ্ছে আবহাওয়া

অধিদপ্তর। এর পরেই আস্তে আস্তে সারা দেশের বৃষ্টিপাতের প্রবণতা কমতে পারে বলেও জানানো হয়েছে আবহাওয়ার পূর্বাভাসে।(বিবিসি ওয়েব পেজ: ১৭.০৫.২০২৬ এলিনা)

## কনটেন্ট ক্রিয়েটর ও অভিনেত্রী কারিনা কায়সারের মরদেহ ঢাকায় পৌঁছেছে

ভারতের চেন্নাই থেকে ঢাকায় পৌঁছেছে অভিনেত্রী ও কনটেন্ট ক্রিয়েটর কারিনা কায়সারের মরদেহ। রোববার বিকেলে তার মরদেহ ঢাকায় পৌঁছানোর পর কারিনার বাবা , সাবেক ফুটবলার কায়সার হামিদ ঢাকার হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে তার মরদেহ গ্রহণ করে। তার পরিবারের পক্ষ থেকে জানানো হয়েছে , আজ মাগরিবের নামাজের পর ঢাকার বনানীর ডিওএইচএস মাঠে কারিনার প্রথম জানাজা অনুষ্ঠিত হবে। এরপর বাদ এশা বনানী দরবার শরিফে দ্বিতীয় জানাজা হবে। রাত ১০টায় কেন্দ্রীয় শহিদ মিনারে নেওয়া হবে তার মরদেহ। সেখানে আরেক দফা জানাজা অনুষ্ঠিত হবে। সোমবার ফজরের পর মুন্সিগঞ্জের আবদুল্লাহপু রে তাকে দাফন করা হবে বলেও জানানো হয়েছে পরিবারের পক্ষ থেকে। লিভার -সংক্রান্ত জটিলতায় কয়েকদিন ধরে সংকটাপন্ন ছিলেন কারিনা। প্রথমে ঢাকার একটি বেসরকারি হাসপাতালে লাইফ সাপোর্টে রাখা হয় তাকে। পরে উন্নত চিকিৎসার জন্য গত সোমবার রাতে এয়ার অ্যাম্বুলেন্সে ভারতের চেন্নাইয়ে নেওয়া হয়। সেখানে চিকিৎসাধীন অবস্থায় ১৫ মে তার মৃত্যু হয়।
(বিবিসি ওয়েব পেজ: ১৭.০৫.২০২৬ এলিনা)

## ডিএমপির নতুন কমিশনার মোসলেহ উদ্দিন আহমদ

পুলিশের অপরাধ তদন্ত বিভাগ বা সিআইডির প্রধান অতিরিক্ত আইজিপি মোসলেহ উদ্দিন আহমেদকে ঢাকা মহানগর পুলিশ বা ডিএমপির নতুন কমি শনার হিসেবে নিয়োগ দিয়েছে সরকার। রোববার স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের প্রজ্ঞাপনে এই তথ্য জানানো হয়েছে। সাবেক কমিশনার শেখ মো . সাজ্জাত আলীর পদত্যাগের পর অতিরিক্ত কমিশনার মো . সরোয়ার ভারপ্রাপ্ত কমিশনার হিসেবে দায়িত্ব পালন করে আসছিলেন। সরকারি চাকরির মেয়াদ পূর্ণ হওয়ায় গত ১৪ই মে তিনি অবসরে যান। ওই শূন্য পদে মি. আহমেদকে ডিএমপি কমিশনার হিসেবে নিয়োগ দেওয়া হয়েছে।
(বিবিসি ওয়েব পেজ: ১৭.০৫.২০২৬ রুবাইয়া)

## ১১৬টি জুয়ার সাইট বন্ধে বিটিআরসিতে তালিকা দিল সিআইডি

অনলাইন জুয়ার সঙ্গে জড়িত ১১৬টি ওয়েবসাইট শনাক্ত করে সেগুলো বন্ধে বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন বা বিটিআরসির কাছে তালিকা দিয়েছে পুলিশের অপরাধ তদন্ত বিভাগ বা সিআইডি। রোববার সিআইডি হেডকোয়ার্টার্সে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এ তথ্য জানান সিআইডি পুলিশের অতিরিক্ত আইজিপি মোসলেহ্ উদ্দিন আহমেদ। অনলাইন জুয়ার সাইট পরিচালনা করে বিদেশে কো টি টাকা পাচারকারী চক্রের আট সদস্য গ্রেফতারের বিষয়ে বিস্তারিত তুলে ধরতে এই সংবাদ সম্মেলন করা হয়। সিআইডি প্রধান মি . আহমেদ এ সময় বলেন, গত ১ মে থেকে ১৭ মে পর্যন্ত পরিচালিত সাইবার পেট্রোলিংয়ে জুয়ার সঙ্গে জড়িত ওয়েবসাইট শনাক্ত করে সেগুলো ডাউন করার জন্য বিটিআরসিতে ১১৬টি ওয়েবসাইটের তথ্য দিয়েছে সিআইডি। সংবাদ সম্মেলনে জানানো হয় , অনলাইন জুয়া ও সংশ্লিষ্ট অবৈধ আর্থিক কার্যক্রম প্রতিরোধে সিআইডির এ ধরনের সাইবার মনিটরিং কার্যক্রম নিয়মিত পরিচারিত হচ্ছে। অপরাধের পূর্ণাঙ্গ তথ্য উদ্‌ঘাটন, অজ্ঞাত অপর সদস্যদের শনাক্তকরণ ও অন্যান্য আইনানুগ প্রক্রিয়ার স্বার্থে সিআইডির তদন্ত অব্যাহত রয়েছে বলেও জানান এই কর্মকর্তা।
(বিবিসি ওয়েব পেজ: ১৭.০৫.২০২৬ রুবাইয়া)

## ই-লোন কী, কীভাবে নেওয়া যায়?

ব্যাংক থেকে ঋণ নেওয়ার প্রসঙ্গ উঠলেই সর্ব প্রথম চোখের সামনে সাধারণত যে-সব কর্ম তালিকা ভেসে ওঠে, সেগুলো হলো- ব্যাংকে যাও, গিয়ে ফরম পূরণ করো, কাগজপত্র জমা দিতে দীর্ঘ লাইনে দাঁড়াও এবং এরপর সেই টাকা হাতে পেতে ক্ষণে ক্ষণে ঘড়ি দেখ। কিন্তু এখন প্রযুক্তির ছোঁয়ায় সেই চিত্র বদলাচ্ছে। মোবাইল ফোনের কয়েকটি ক্লিকেই ঋণের আবেদন, যাচাই-বাছাই, এমনকি ঘরে বসেই ঋণের টাকা পাওয়ার ব্যবস্থা তৈরি হয়েছে। এই ব্যবস্থাকেই বলা হচ্ছে "ই-লোন„ বা ডিজিটাল ঋণ। বাংলাদেশেও ব্যাংক এবং আর্থিক প্রতিষ্ঠানগুলো ধীরে ধীরে এ ধরনের সেবা বাড়াচ্ছে। গত ১১ মে ব্যাংক-কোম্পানি আইন, ১৯৯১-এর ৪৫ ধারার আওতায় কেন্দ্রীয় ব্যাংক ইতোমধ্যে এ সংক্রান্ত একটি নীতিমালা বা সার্কুলারও জারি করেছে। তাই, সংগত কারণেই প্রশ্ন আসছে- ই-লোন আসলে কী, এটি কীভাবে কাজ করে, কারা নিতে পারে, এতে কী ধরনের সুবিধা বা ঝুঁকি আছে, বাংলাদেশে এটি নতুন কি না ইত্যাদি।

**ই-লোন আসলে কী?**

সাধারণভাবে, ই-লোন হলো এমন একটি ঋণসেবা, যেখানে আবেদন থেকে অনুমোদন, এই পুরো প্রক্রিয়াই অনলাইনে সম্পন্ন হয়। গ্রাহককে সরাসরি শাখায় যেতে হয় না। গ্রাহক ওই ব্যাংকের মোবাইল অ্যাপ, ওয়েবসাইট বা ডিজিটাল প্ল্যাটফর্ম ব্যবহার করে প্রয়োজনীয় তথ্য জমা দিয়ে ঋণের জন্য আবেদন করতে পারেন। সাধারণত ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানগুলো গ্রাহকের আর্থিক তথ্য, লেনদেনের ইতিহাস, আয় বা অন্যান্য তথ্য বিশ্লেষণ করে ঋণ অনুমোদনের সিদ্ধান্ত নেয়। প্রযুক্তিনির্ভর এই ব্যবস্থায় সময় কম লাগলেও, তথ্যের নিরাপত্তা এবং শর্তগুলো ভালোভাবে বোঝার বিষয়টি এখানে বেশ গুরুত্বপূর্ণ বলে মনে করছেন খাত সংশ্লিষ্টরা।

**ই-লোনের ধারণা কি বাংলাদেশে নতুন?**

এই প্রশ্নের উত্তর, `না,। কারণ বাংলাদেশের একটি মোবাইল ফিনান্সিয়াল সার্ভিস (এমএফএস) গত কয়েক বছর ধরে ইতোমধ্যে ই-লোন দিয়ে আসছে। দেশের সফটওয়্যার ও তথ্য প্রযুক্তি খাতের সংগঠন বেসিসের সাবেক সভাপতি এবং বিডি জবসের প্রধান নির্বাহী ফাহিম মাশরুর বিবিসি বাংলাকে বলেন, "এটা নতুন কিছু না। বিকাশ আর সিটি ব্যাংক মিলে যেটা করে, এটা সেটাই। লোন দেয় সিটি ব্যাংক, কিন্তু বিকাশের মাধ্যমে অ্যাপ্লাই করা যায়। শুরুতে এটা ছিল ২০ হাজার, এখন ৫০ হাজার করা হয়েছে।„ কিন্তু বাংলাদেশ ব্যাংকের ওই সার্কুলারের কারণ "এখন যে-কোনো ব্যাংক এটি করতে পারবে।„ মেঘনা ব্যাংকের সাবেক ব্যবস্থাপনা পরিচালক মোহাম্মদ নূরুল আমিনও একই উদাহরণ দেন। তিনিও বিবিসি বাংলাকে বলছিলেন, "আগে ওই ব্যাংক বিকাশের সাথে দ্বিপাক্ষিক চুক্তিতে কাজটা করেছে। এখন যেটা হলো, দেশজুড়ে সব ব্যাংকের জন্য এটা প্রযোজ্য হলো। এর মানে ডিজিটাল লোন দেওয়া কখনও নিষেধ ছিল না; এটা নতুন কিছু না, পুরাতন জিনিস।„ তার ভাষায়, ই-লোন হলো ঋণের একটা 'প্রসেস' (ঋণ দেওয়ার একটি পদ্ধতি বা প্রক্রিয়া), এটি 'ক্যাটাগরি অব লোন না' (আলাদা কোনো ধরনের ঋণ নয়)। এসএমই (ক্ষুদ্র ও মাঝারি শিল্প) বা করপোরেট যেমন ঋণের বিভিন্ন ক্যাটাগরি, ই-লোন তেমন কোনো আলাদা ক্যাটাগরি নয়। এসএমই'র সাথে দু'টো জিনিস যোগ হয়েছে। সিএম তথা কটেজ ও মাইক্রো। তাই এটিকে এখন বলা হয়, সিএমএসএমই- কটেজ, মাইক্রো, স্মল, মিডিয়াম এন্টারপ্রাইজেস। এই ক্যাটাগরির মাঝেই এই ই-লোন, যা ডিজিটালি করা যাবে।

**এখন কী কী শর্তে ই-লোন দেওয়ার কথা হচ্ছে?**

বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা অনুযায়ী, এই সেবার নাম হবে বাধ্যতামূলকভাবে 'ই-লোন'। এই ঋণের প্রধান শর্ত হলো, একজন গ্রাহক সর্বোচ্চ ৫০ হাজার টাকা পর্যন্ত ঋণ নিতে পারবেন। তবে, এই ঋণের মেয়াদ হবে সর্বোচ্চ এক বছর। অর্থাৎ, ১২ মাসের মাঝে পরিশোধ করতে হবে। এছাড়া, এ ক্ষেত্রে বাজারভিত্তিক সুদহার কার্যকর হবে। তবে কোনো ব্যাংক বাংলাদেশ ব্যাংকের পুনঃঅর্থায়ন সুবিধার আওতায় এই ঋণ দিলে সুদের হার হবে সর্বোচ্চ নয় শতাংশ। অর্থাৎ, কোনো ব্যাংক বাজার পরিস্থিতি অনুযায়ী সুদ নির্ধারণ করতে পারে। কিন্তু বাংলাদেশ ব্যাংক যদি ওই ব্যাংককে বিশেষ সুবিধায় অর্থ দেয়, তাহলে গ্রাহকের কাছ থেকে ব্যাংক নয় শতাংশের বেশি সুদ নিতে পারবে না। গ্রাহক কম সুদে ঋণ দেওয়াই এর মূল উদ্দেশ্য। এ বিষয়ে ফাহিম মাশরুর বলেছেন, "সিটি ব্যাংক বিকাশের মাধ্যমে এখন যেটা দিচ্ছে, সেটিও নয় শতাংশ। তবে কোনো ব্যাংক চাইলে নয় শতাংশের কমেও দিতে পারে।„ আর ই-লোনের আবেদন থেকে শুরু করে ঋণ অনুমোদন ও বিতরণ, সব অনলাইনে হবে। অর্থাৎ এই ঋণ পেতে গ্রাহককে কোনো দলিলে স্বাক্ষর করতে হবে না। এর পরিবর্তে বায়োমেট্রিক তথ্য ও টু-ফ্যাক্টর অথেনটিকেশন ব্যবহার করে গ্রাহকের সম্মতি নেওয়া হবে। যদিও ঋণ অনুমোদনের আগে ব্যাংক গ্রাহকের ঋণের পূর্বের রেকর্ড বা সিআইবি (ক্রেডিট ইনফরমেশন ব্যুরো) রিপোর্ট যাচাই করবে। তবে `ই-ঋণের, ক্ষেত্রে সিআইবি অনুসন্ধান বাবদ ব্যাংক বা গ্রাহকের উপর চার্জ প্রযোজ্য হবে না। আর, কোনো ঋণখেলাপি এই ডিজিটাল ঋণ সুবিধা পাবেন না। এ নিয়ে নির্দেশনায় বলা আছে, ব্যাংক-কোম্পানি আইন, ১৯৯১-এর ২৭কক ধারার বিধান মোতাবেক খেলাপি ঋণগ্রহীতার অনুকূলে ঋণ প্রদানে বিরত থাকার বিষয়ে ব্যাংক যথাযথ পদক্ষেপ গ্রহণ করবে। এক্ষেত্রে, ঋণ বিতরণের পূর্বে অন্যান্য ব্যাংক, ফাইন্যান্স কোম্পানি ও মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিসেস ইত্যাদি মাধ্যম হতে গৃহীত ঋণের (প্রযোজ্য ক্ষেত্রে) তথ্য সংগ্রহ করতে হবে।

**ই-লোনের সুবিধা কোথায়?**

যে ই-লোন নিয়ে কথা হচ্ছে, তুলনা করলে তার পরিমাণ সামান্য বলা চলে, যা ৫০ হাজার টাকা। কিন্তু এই খাতের বিশেষজ্ঞরা মনে করছেন, এতে অনেক মানুষ উপকৃত হবেন। কারণ এখানে এক বছরে যে সুদ ধরা হয়েছে, তা তুলনামূলকভাবে কম। মেঘনা ব্যাংকের সাবেক ব্যবস্থাপনা পরিচালক মোহাম্মদ নূরুল আমিন বলছিলেন, "এনজিও'র কাছে গেলে প্রতি সপ্তাহে কিস্তি শোধ করতে হয়। সেক্ষেত্রে এখানে ১২ মাসে বাড়তি ৪-৫ হাজার টাকা দিতে হবে। তবে এখানে সব ব্যাংকের সুদ এক রকম হবে না। কেউ কম দিতে পারে, কেউ বেশি দিতে পারে। কেউ সীমার মাঝে থাকবে, কেউ শর্ত দিতে পারে।„ তিনি বলেন, আর্থিক সেবার আওতা বাড়াতে এই উদ্যোগ নেওয়া হচ্ছে। যারা সাধারণত ব্যাংকে যান না বা যেতে পারেন না, তাদের ব্যাংকিং ব্যবস্থার সঙ্গে যুক্ত করাই এর উদ্দেশ্য। "৫০ হাজার টাকা দিয়ে একটি গরু কিনলেও তা কোরবানিতে বিক্রি করে দেওয়া যায়। এই ৫০ হাজার টাকা এখানে জাস্ট ঋণ।

এটা পুঁজি না। এটা তার পুঁজিতে সাপোর্ট,„ বলছিলেন তিনি। বেসিসের সাবেক সভাপতি ফাহিম মাশরুরও বিষয়টিকে ইতিবাচকভাবে দেখছেন। তিনিও মনে করেন, এই ই-লোন ক্ষুদ্র ঋণ না হলেও ”ক্ষুদ্র ঋণের মতোই ক্রেডিট কার্ডও এক প্রকার ক্ষুদ্র ঋণ। পার্থক্য হলো, ক্রেডিট কার্ডের ক্ষেত্রে অনেক ডকুমেন্টস দরকার হয়; যারা চাকরি করেন, তাদেরই দেওয়া হয়। আর এ ক্ষেত্রে ব্যাংক অ্যাকাউন্ট থাকলেই ব্যাংক এই ঋণ দিতে পারে। তাই প্রান্তিক মানুষ, শিক্ষার্থী, ছোটো ব্যবসায়ীরাও এটা পেতে পারেন।„ বাংলাদেশ ব্যাংকও তার সার্কুলারে বলেছে, প্রান্তিক জনগোষ্ঠীকে ব্যাংকিং কার্যক্রমে অন্তর্ভুক্তকরণ ও ডিজিটাল আর্থিক সেবা ব্যবহারে অভ্যস্ত করার মাধ্যমে ক্যাশলেস সমাজ বিনির্মাণে 'ই-ঋণ' গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে।

**ঝুঁকির জায়গাগুলো কী কী?**

মোহাম্মদ নূরুল আমিন ও ফাহিম মাশরুর দু'জনেই বলেন, ই-লোনে কিছু ঝুঁকি রয়েছে। ”সুদের হার নয় শতাংশ থাকলে ব্যাংকগুলো আগ্রহী হবে না। ব্যাংক ১০০ জনকে ই-লোন দিল, সেখান থেকে ২০-২৫ জন লোন ফেরত না দিলে ব্যাংকের লস হবে। তাই রিস্ক কভার করার জন্য এ ক্ষেত্রে এই নয় শতাংশের লিমিট থাকা উচিত না,„ বলেন মি. মাশরুর। কারণ ”এটা সিকিউরিটি ছাড়া লোন। করপোরেট লোনে বন্ধক থাকে, সিকিউরিটি থাকে। এখানে সিকিউরিটি নাই। এটা ঠিক যে কেউ না দিলে তার রেকর্ড থাকছে। তখন অন্য কোনো ব্যাংক থেকে সে লোন পাবে না, এটা সিস্টেমে থাকবে। কিন্তু ব্যাংকের তো রিস্ক। তাই রিস্ক কাভার করতে বিশ্বের সব দেশেই এই ধরনের লোনের ক্ষেত্রে ইন্টারেস্ট রেট বেশি ধরে।„ তিনি আরও ব্যাখ্যা করে বলেন, ৫০ হাজার টাকার জন্য গ্রাহকের পেছনে ছুটতেও তো ব্যাংকের একটা খরচ হবে। তাই, এই ধরনের ছোটো ছোটো লোনে সুদের হার অনেক বেশি থাকে। ২০-২৫ শতাংশ থাকলে ১০ জনের দুইজন না দিলেও, ব্যাংকের রিস্ক কভার হয়ে যায়। সেকারণেই বিদেশে করপোরেট লোনের ক্ষেত্রে রেট কম থাকে, এইসব লোনে বেশি থাকে। তার মতে, গ্রাহকের এখানে কোনো ঝুঁকি নেই। আর ঝুঁকির ব্যাপারে মি. আমিনের ভাষ্য, ”ঝুঁকি থাকলেও সামনের দিকে আমাদের এদিকে যেতে হবে। ডিজিটাল ব্যাংক আছে বিশ্বে, ব্যাংকগুলোকে ডিজিটাল ব্যাংকিং-এর জন্য লাইসেন্স দেওয়া হচ্ছে।„

(বিবিসি ওয়েব পেজ : ১৭.০৫.২০২৬ আলী আহমেদ)

## যুক্তরাষ্ট্রের সাথে জ্বালানি সমঝোতায় কী আছে?

জ্বালানি খাতে কৌশলগত সহযোগিতার লক্ষ্যে যুক্তরাষ্ট্রের সাথে বাংলাদেশের সমঝোতা স্মারক বা এমওইউ স্বাক্ষরের পর এ নিয়ে নানা ধরনের আলোচনা হচ্ছে। বিশেষ করে, কয়েক মাস আগেই অন্তর্বর্তী সরকারের সময়ে দুই দেশের মধ্যে হওয়া বাণিজ্য চুক্তিতে যুক্তরাষ্ট্র থেকে ১৫ বছরে ১৫ বিলিয়ন বা ১৫০০ কোটি ডলারের জ্বালানি কিনতে বাংলাদেশ সম্মত হওয়ার পরে এখন আবার নতুন করে জ্বালানি খাতের সমঝোতা কেন এ নিয়ে কৌতূহল তৈরি হয়েছে। এমওইউ স্বাক্ষরের পর ওয়াশিংটনের বাংলাদেশ দূতাবাসের বিজ্ঞপ্তিতে ”জ্বালানির উৎস বৈচিত্র্যপূর্ণ করা„ এবং বাংলাদেশ ও যুক্তরাষ্ট্রের মধ্যে ”বৃহত্তর জ্বালানি সহযোগিতার নতুন ক্ষেত্র উন্মোচনের„ বিষয়টি উঠে এসেছে। বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ প্রতিমন্ত্রী অনিন্দ্য ইসলাম অমিত বিবিসি বাংলাকে বলেছেন এই সমঝোতা স্মারকের মূল উদ্দেশ্য হলো বাংলাদেশের জ্বালানি নিরাপত্তা নিশ্চিত করা, বিশেষ করে এলপিজি ও এলএনজির জন্য যুক্তরাষ্ট্র বড়ো একটি বিকল্প উৎস হতে পারে। ”দেশের স্বার্থে জ্বালানি নিরাপত্তা নিশ্চিত করা বিশেষ গুরুত্বপূর্ণ। আরও অনেক দেশের সঙ্গে আমাদের সমঝোতা আছে। এখন যুক্তরাষ্ট্রের সঙ্গেও হলো। এটি দেশের স্বার্থ সংরক্ষণে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে,„ বিবিসি বাংলাকে বলছিলেন তিনি। বিশ্লেষকরা বলছেন, দুইদেশের মধ্যে সমঝোতা স্মারকটি স্বাক্ষর হওয়ায়, বাংলাদেশের জ্বালানি খাতে মার্কিন কোম্পানিগুলোর কর্মকাণ্ড আরও বিস্তৃত হবে এবং বাংলাদেশের জন্যও জ্বালানি আমদানির বিকল্প উৎস তৈরি হবে, যা সংকটকালে জ্বালানির জন্য মধ্যপ্রাচ্য নির্ভরতা কমিয়ে আনতে ভূমিকা রাখবে। বাংলাদেশ জ্বালানির জন্য মধ্যপ্রাচ্যের ওপর, বিশেষ করে কাতার ও সৌদি আরবের ওপর ব্যাপকভাবে নির্ভরশীল হলেও, এবার ইরান যুদ্ধের পর তারা চুক্তি অনুযায়ী বাংলাদেশকে তেল ও এলএনজি সরবরাহ করেনি। জ্বালানি বিশেষজ্ঞ ও সাবেক তত্ত্বাবধায়ক সরকারের উপদেষ্টা অধ্যাপক ম তামিম বলছেন, যুক্তরাষ্ট্রের সাথে সমঝোতার মাধ্যমে জ্বালানির উৎস বৈচিত্র্যকরণ ও আমদানির আরও একটি জায়গা তৈরি হওয়া বাংলাদেশের জন্য ভালো।

”এখন আমাদের প্রয়োজন হলো আমরা যুক্তরাষ্ট্র থেকে আমদানি করতে পারবো। তবে চুক্তি বা সমঝোতার নামে বাংলাদেশকে যদি জ্বালানি কিনতে বাধ্য করা হয়, সেটি দেশের জন্য ভালো হবে না। সমঝোতার বিস্তারিত প্রকাশ হলেই কেবল এসব বিষয়ে বোঝা যাবে,„ বিবিসি বাংলাকে বলছিলেন তিনি।

**সমঝোতায় কী আছে?**

ওয়াশিংটনে বাংলাদেশ দূতাবাসের বিজ্ঞপ্তি অনুযায়ী, ওয়াশিংটনে স্থানীয় সময় বৃহস্পতিবার ওই সমঝোতা স্মারকটি স্বাক্ষরিত হয়। স্বাক্ষর করেন বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী খলিলুর রহমান ও যুক্তরাষ্ট্রের জ্বালানিমন্ত্রী ক্রিস রাইট। বিজ্ঞপ্তিতে বলা হয়, জ্বালানি পাওয়ার উৎস বৈচিত্র্যপূর্ণ করার মাধ্যমে দীর্ঘমেয়াদি জ্বালানি নিরাপত্তা জোরদারের যে প্রচেষ্টা বাংলাদেশের রয়েছে, তাতে ভূমিকা রাখবে এই সমঝোতা স্মারক। "সাশ্রয়ী মূল্য ও টেকসই সরবরাহ ব্যবস্থা নিশ্চিতের পাশাপাশি এটা বাংলাদেশ ও যুক্তরাষ্ট্রের মধ্যে বৃহত্তর জ্বালানি সহযোগিতার নতুন ক্ষেত্র উন্মোচন করবে।„ এতে আরও জানানো হয় যে, এই সমঝোতার আওতায় দুই দেশের মধ্যে তেল, গ্যাস, ভূতাপীয় ও জৈবশক্তি বিষয়ে সক্ষমতা বৃদ্ধি, জ্ঞান ও দক্ষতাবিনিময় এবং গবেষণা সহজ হবে। সেই সঙ্গে যুক্তরাষ্ট্র থেকে সাশ্রয়ী মূল্যে এলএনজি, এলপিজি ও অন্যান্য জ্বালানি পণ্য বাংলাদেশের আমদানির ক্ষেত্রে এটা সহায়ক হবে। এনার্জি রেগুলেটরি কমিশনের চেয়ারম্যান জালাল আহমেদ বিবিসি বাংলাকে বলছেন, জ্বালানি নিরাপত্তার জন্য বিকল্প উৎস থাকা গুরুত্বপূর্ণ, কারণ একক উৎসের ওপর নির্ভরশীলতা দেশের জন্য ঝুঁকিপূর্ণ। অধ্যাপক ম তামিম অবশ্য বলছেন, সমঝোতার বিস্তারিত সরকার প্রকাশ করলে তাতে জানা যাবে কোন কোন খাতে কী ধরনের সহযোগিতার অঙ্গীকার এতে করা হয়েছে। "আপাতদৃষ্টিতে জ্বালানি পাওয়ার উৎস বৈচিত্র্যপূর্ণ করার কথা বলা হয়েছে। বাংলাদেশকে জ্বালানি আমদানি করতে হয়। সে কারণে যত বেশি উৎস থাকবে ততই ভালো। আমদানির বিকল্প জায়গা থাকাটা আমাদের জন্য ভালো, যাতে করে প্রয়োজন হলে আমরা সেখান থেকেও আমদানি করতে পারি,„ বিবিসি বাংলাকে বলছিলেন তিনি।

**চুক্তির পরেও সমঝোতা কেন**

চলতি বছর ফেব্রুয়ারিতে সংসদ নির্বাচনের আগে অন্তর্বর্তী সরকার যুক্তরাষ্ট্রের সঙ্গে যে বাণিজ্য চুক্তি করে অনেকের সমালোচনা মুখে পড়েছিল, সেই চুক্তিতে আগামী ১৫ বছরে ১৫০০ কোটি ডলারের জ্বালানি যুক্তরাষ্ট্র থেকে কেনার কথা বলা আছে। এছাড়াও, বাংলাদেশের গ্যাস খাতে মার্কিন কোম্পানির আগে থেকেই আধিপত্য রয়েছে। পাশাপাশি গভীর সমুদ্রের সবগুলো ব্লকেই তেল গ্যাস অনুসন্ধানের কাজ করতে আগ্রহ প্রকাশ করে আসছে মার্কিন কয়েকটি কোম্পানি। যদিও গভীর সমুদ্র এলাকায় গ্যাস অনুসন্ধান দীর্ঘদিন ধরেই প্রায় স্থবির হয়ে আছে। বাংলাদেশের সমুদ্রসীমা গভীর সমুদ্রের ১৫টি এবং অগভীর সমুদ্রের ১১টি ব্লকে ভাগ করা হয়েছে। ওদিকে, বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন বা বিইআরসির একজন কর্মকর্তা জানান, চলতি বছর এপ্রিলে যে পরিমাণ এলপিজি আমদানি করেছে বাংলাদেশ, তার ৪০ শতাংশই এসেছে যুক্তরাষ্ট্র থেকে। এর আগে, ২০২৫ সালের জানুয়ারিতে যুক্তরাষ্ট্র থেকে এলএনজি আমদানির চুক্তি করেছিল অধ্যাপক মুহাম্মদ ইউনূসের অন্তর্বর্তী সরকার। সে সময় ওই চুক্তি করতে যুক্তরাষ্ট্রের চাপ ছিল বলেও আলোচনা আছে রাজনৈতিক ও কূটনৈতিক মহলে। জ্বালানি বিষয়ক সাময়িকী এনার্জি অ্যান্ড পাওয়ারের সম্পাদক মোল্লা আমজাদ হোসেন বলছেন, বাংলাদেশের জ্বালানি খাতে যুক্তরাষ্ট্রই বড়ো খেলোয়াড় এবং সামনে তারা নিজেদের অবস্থান আরও সংহত করতে চাইছে। "বাংলাদেশ যে গ্যাসফিল্ডগুলো থেকে গ্যাস আহরণ করে, তার ৪০ ভাগই মার্কিন কোম্পানি শেভরন পরিচালনা করে। এলএনজির একটি টার্মিনাল পরিচালনা করছে একটি মার্কিন কোম্পানি। আমেরিকান আরেকটি কোম্পানি গভীর সাগরে সবগুলো ব্লকে তেল গ্যাস অনুসন্ধানের কাজের প্রস্তাব দিয়েছে। এলপিজি সরবরাহে তাদের অংশগ্রহণ বাড়ছে,„ বিবিসি বাংলাকে বলছিলেন তিনি। পাশাপাশি চলতি বছরের ফেব্রুয়ারিতে অন্তর্বর্তী সরকারের সময়ে যেই চুক্তি হয়েছিল, সে অনুযায়ী যুক্তরাষ্ট্র থেকে তরলীকৃত প্রাকৃতিক গ্যাস (এলএনজি) ক্রয়ের দীর্ঘমেয়াদি চুক্তি করবে বাংলাদেশ।

বিশ্লেষকরা মনে করছেন, স্বাক্ষরিত সমঝোতার ভিত্তিতে যুক্তরাষ্ট্র থেকে বাংলাদেশকে এলএনজি, এলপিজি ও অন্যান্য জ্বালানি পণ্য আমদানি বাড়াতে হতে পারে। বাংলাদেশের জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের তথ্য অনুযায়ী, দেশের জ্বালানি তেলের চাহিদার প্রায় ৯৫ শতাংশই আমদানি করতে হয় এবং আমদানির বড়ো অংশ আসে মধ্যপ্রাচ্যের কয়েকটি দেশ থেকে। বিশেষ করে সৌদি আরব, সংযুক্ত আরব আমিরাত ও কুয়েতের মতো দেশগুলোর সঙ্গে দীর্ঘমেয়াদি চুক্তির মাধ্যমে অপরিশোধিত তেল আমদানি করা হয়। একইভাবে এলএনজির ক্ষেত্রেও কাতার ও ওমানের মতো সীমিত কয়েকটি দেশের ওপর নির্ভরতা রয়েছে। কিন্তু ইরান যুদ্ধের কারণে মধ্যপ্রাচ্য থেকে তেল আসা প্রায় বন্ধ হয়ে গেছে। চুক্তি অনুযায়ী এলএনজি দিতে পারেনি কাতার, যা সংকটকে আরও তীব্র করেছে। ফলে বাংলাদেশকে বেশি দামে স্পট মার্কেট থেকে এলএনজি নিতে হয়েছে। আবার যুদ্ধের জের ধরে হরমুজ প্রণালি অবরুদ্ধ থাকার প্রভাবও পড়েছে বাংলাদেশের ওপর। এমন প্রেক্ষাপটে বিকল্প উৎস থেকে জ্বালানি তেল সংগ্রহ করছে বাংলাদেশ সরকার। (বিবিসি ওয়েব পেজ : ১৭.০৫.২০২৬ নারগীস)

## ইবোলা প্রাদুর্ভাবকে 'বৈশ্বিক জরুরি অবস্থা' বলে ঘোষণা বিশ্ব স্বাস্থ্য সংস্থার

ডেমোক্রেটিক রিপাবলিক অব কঙ্গোতে ইবোলা প্রাদুর্ভাব ছড়িয়ে পড়ায় বিশ্ব স্বাস্থ্য সংস্থা বিশ্বের জন্য জনস্বাস্থ্য জরুরি অবস্থা ঘোষণা করেছে। সংস্থাটি জানিয়েছে , ডিআর কঙ্গোর পূর্বা ঞ্চলীয় ইতুরি প্রদেশে এ পর্যন্ত প্রায় ২৪৬টি সন্দেহভাজন সংক্রমণ এবং ৮০ জনের মৃত্যুর খবর পাওয়া গেছে। তবে এই পরিস্থিতি এখনো মহামারি ঘোষণার মতো অবস্থা তৈরি হয়নি। তবে স্বাস্থ্য সংস্থা সতর্ক করে বলেছে, বর্তমানে যে সংখ্যক সংক্রমণ শনাক্ত ও রিপোর্ট করা হচ্ছে, বাস্তবে পরিস্থিতি এর চেয়ে আরো খারাপ, হতে পারে। একই সঙ্গে স্থানীয় ও আঞ্চলিকভাবে রোগটি ছড়িয়ে পড়ার ঝুঁকির শঙ্কাও দেখছে। বিশ্ব স্বাস্থ্য সংস্থা জানিয়েছে , বর্তমান ইবোলার যে ভাইরাসের কারণে সৃষ্টি হয়েছে , তার জন্য এখন পর্যন্ত অনুমোদিত কোনো ঔষ ধ বা টিকা নেই। রোগটির প্রাথ মিক উপসর্গের মধ্যে রয়েছে জ্বর , পেশিতে ব্যথা, ক্লান্তি, মাথাব্যথা ও গলা ব্যথা। পরে বমি , ডায়রিয়া, শরীরে ফুসকুড়ি এবং রক্তক্ষরণ দেখা দিতে পারে। বিশ্ব স্বাস্থ্য সংস্থা আরও জানিয়েছে, ভাইরাসটি ডিআর কঙ্গোর সীমানা ছাড়িয়ে প্রতিবেশী উগান্ডাতেও ছড়িয়ে পড়েছে। সেখানে দুইটি নিশ্চিত সংক্রমণের খবর পাওয়া গেছে। উগান্ডার কর্মকর্তারা জানিয়েছেন , বৃহস্পতিবার মারা যাওয়া ৫৯ বছর বয়সি এক ব্যক্তির শরীরে ইবোলা ভাইরাস শনাক্ত হয়েছিল।(বিবিসি ওয়েব পেজ: ১৭.০৫.২০২৬ এলিনা)

# রেডিও তেহরান

## ড. ইউনূসসহ সাবেক উপদেষ্টাদের দেশত্যাগে নিষেধাজ্ঞা চেয়ে রিট

বাংলাদেশ অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূসসহ সাবেক উপদেষ্টাদের দেশত্যাগে নিষেধাজ্ঞা চেয়ে হাইকোর্টে রিট করা হয়েছে। হামের টিকা দেওয়ায় ব্যর্থতার অভিযোগে রোববার (১৭ মে) সুপ্রিম কোর্টের আইনজীবী ব্যারিস্টার এম আশরাফুল ইসলাম হাইকোর্টের সংশ্লিষ্ট শাখায় এ রিট আবেদন দায়ের করেন। রিটে হামের টিকাকে রাষ্ট্রীয় ব্যবস্থাপনা থেকে বেসরকারি খাতে হস্তান্তরের প্রক্রিয়ায় সংশ্লিষ্টদের সম্পৃক্ততার অভিযোগ তুলে তদন্ত কমিটি গঠনের আবেদন জানানো হয়। রিটে ক্যাবিনেট সচিব, স্বাস্থ্য সচিব, স্বরাষ্ট্র সচিব, জনপ্রশাসন সচিব এবং স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালকসহ সংশ্লিষ্ট সরকারি কর্মকর্তাদের বিবাদী করা হয়েছে। এর আগে, গত ৬ এপ্রিল একই বিষয়ে সংশ্লিষ্টদের কাছে লিগ্যাল নোটিশ পাঠান ব্যারিস্টার আশরাফুল ইসলাম। ওই নোটিশে পাঁচদিনের মধ্যে তদন্ত কমিটি গঠন এবং ড. মুহাম্মদ ইউনূসসহ উপদেষ্টা পরিষদের সদস্যদের বিরুদ্ধে দেশত্যাগে নিষেধাজ্ঞা জারির উদ্যোগ নিতে বলা হয়েছিল। অন্যথায় আইনগত পদক্ষেপ নেওয়ার ঘোষণা দেওয়া হয়। ব্যারিস্টার আশরাফুল ইসলাম বলেছেন, দেশে আবারও হামের ব্যাপক প্রাদুর্ভাব দেখা দিয়েছে। এতে শতাধিক শিশুর মৃত্যু হয়েছে এবং বহু শিশু ও সাধারণ মানুষ আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি রয়েছেন।

(রেডিও তেহরান ওয়েব পেজ : ১৭.০৫.২০২৬ আলী আহমেদ)

## আবু সাঈদ হত্যা মামলা; কারাগারে সাবেক ভিসি হাসিবুর রশিদ

বাংলাদেশে জুলাই বিপ্লবের প্রথম শহিদ আবু সাঈদ হত্যায় সংঘটিত মানবতাবিরোধী অপরাধের মামলায় দণ্ডপ্রাপ্ত আসামি রংপুর বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের (বেরোবি) সাবেক ভিসি হাসিবুর রশিদকে কারাগারে পাঠিয়েছে ট্রাইব্যুনাল। আজ রোববার বেলা সাড়ে ১১টার দিকে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের চেয়ারম্যান বিচারপতি নজরুল ইসলাম চৌধুরীর নেতৃত্বাধীন তিন সদস্যের বিচারের আদেশ দেয়। ট্রাইব্যুনালের অপর দুই সদস্য হলেন বিচারক মঞ্জুরুল বাছিদ ও বিচারক নূর মোহাম্মদ শাহরিয়ার কবির। আজ দুপুর সাড়ে ১২টার দিকে তাকে ট্রাইব্যুনালে হাজির করা হয়। এরপর তাকে আদালতে তোলা হলে ঢাকা কেন্দ্রীয় কারাগারে পাঠানোর আদেশ দেয় ট্রাইব্যুনাল। বলা হয়, আজ থেকে তার ১০ বছরের কারাদণ্ড কার্যকর শুরু হলো। শনিবার (১৬ মে) রাতে রাজধানীর মোহাম্মদপুরের সলিমুল্লাহ রোডের একটি বাসা থেকে হাসিবুর রশিদকে গ্রেপ্তার করে পুলিশ। এর আগে, ৯ এপ্রিল শহিদ আবু সাঈদ হত্যার দায়ে মানবতাবিরোধী অপরাধের এ মামলায় ২৮ জনকে বিভিন্ন মেয়াদে সাজা দেয় ট্রাইব্যুনাল। এর মধ্যে প্রধান আসামি হিসেবে হাসিবুর রশিদকে ১০ বছরের কারাদণ্ড দেওয়া হয়। তবে ২০২৪ সালের ৫ আগস্ট শেখ হাসিনার সরকারের পতনের পর থেকেই তিনি পলাতক ছিলেন।

(রেডিও তেহরান ওয়েব পেজ : ১৭.০৫.২০২৬ আলী আহমেদ)

# এনএইচকে

## বীমা প্রকল্প চালুর মাধ্যমে হরমুজের ওপর নিয়ন্ত্রণ জোরদার করবে ইরান

ইরানের একটি সংবাদমাধ্যম জানিয়েছে যে, সরকার হরমুজ প্রণালি দিয়ে যাতায়াতকারী জাহাজগুলোর জন্য একটি বীমা প্রকল্প চালুর পরিকল্পনা করছে। শনিবার ফার্স বার্তা সংস্থা জানিয়েছে যে , ইরান সরকার এমন একটি পরিকল্পনা নিয়ে এগোচ্ছে, যা "বীমার মাধ্যমে হরমুজ প্রণালির ব্যবস্থাপনাকে সম্ভব করে তুলবে। „ প্রতিবেদনে বলা হয়েছে , এই পরিকল্পনার অধীনে বিভিন্ন সামুদ্রিক বীমা পলিসি এবং আর্থিক দায়বদ্ধতার সনদপত্র জারি করা হবে এবং এর অর্থ ক্রিপ্টো সম্পদে পরিশোধ করা হবে বলে ধারণা করা হচ্ছে। প্রতিবেদনে আ রও বলা হয়েছে যে, এই প্রকল্পের মাধ্যমে

ইরানের ১০ বিলিয়ন ডলারেরও বেশি রাজস্ব আয় হবে। সপ্তাহের শুরুতে ইরানের একটি রাষ্ট্রীয় গণমাধ্যম জানায় , দেশটি হরমুজ প্রণালিতে পরিচালনাগত এলাকা পুনর্নির্ধারণ করে এর সীমানা উল্লেখযোগ্যভাবে প্রসারিত করেছে। এই ঘটনাপ্রবাহ ইঙ্গিত দেয় যে, ইরান হরমুজ প্রণালির ওপর তার নিয়ন্ত্রণ আরও জোরদার করতে প্রস্তুত। সংঘাত নিরসনে যুক্তরাষ্ট্র-ইরান আলোচনা পুনরায় শুরু হওয়ার সম্ভাবনার ক্ষেত্রে , মধ্যস্থতাকারী হিসেবে কাজ করা পাকিস্তানের স্বরাষ্ট্রমন্ত্রী মহসিন নাকভি ইরান সফরে গিয়ে শনিবার , তার ইরানি প্রতিপক্ষ ইস্কান্দার মোমেনির সঙ্গে আলোচনা করেছেন। ইরানের একাধিক গণমাধ্যম জানিয়েছে যে , এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়েছে। তবে যুক্তরাষ্ট্র ও ইরান উভয়ই তাদের কঠোর অবস্থান বজায় রেখেছে, যা শান্তি আলোচনার সম্ভাবনাকে অনিশ্চিত করে তুলেছে। (এনএইচকে ওয়েব পেজ: ১৭.০৫.২০২৬ রুবাইয়া)

## ডয়চে ভেলে

### হাম ও হামের উপসর্গ নিয়ে আরও ৬ শিশুর মৃত্যু

হাম ও হামের উপসর্গ নিয়ে গত ২৪ ঘণ্টায় (শনিবার সকাল ৮টা থেকে রোববার সকাল ৮টা) বাংলাদেশে আরও ছয় শিশু মারা গেছে। রোববার স্বাস্থ্য অধিদপ্তরের হামবিষয়ক প্রতিবেদনে এসব তথ্য জানানো হয়েছে। এই ছয় শিশুর মধ্যে এক শিশুর হাম শনাক্ত হয়েছিল। উপসর্গ ছিল পাঁচ শিশুর। হাম শনাক্ত হয়ে শিশুটি বরিশালে মারা গেছে। আর হামের উপসর্গ নিয়ে ঢাকায় তিন, সিলেটে এক ও ময়মনসংহে এক শিশু মারা গেছে। এই সময়ে সারা দেশে আরও ১ হাজার ২৭৪ শিশুর শরীরে হামের উপসর্গ দেখা দেওয়ার তথ্য দিয়েছে স্বাস্থ্য অধিদপ্তর। আর হাম শনাক্ত হয়েছে ২৪৩ শিশুর। হামে মোট আক্রান্ত হয়েছে ১ হাজার ৫১৭ শিশু। এ নিয়ে গত ১৫ মার্চ থেকে হামের উপসর্গে দেশে ৩৮৪ শিশুর মৃত্যুর তথ্য জানা গেছে। আর হাম শনাক্তের পর মারা গেছে ৭৫ শিশু। সব মিলিয়ে হাম ও হামের উপসর্গে মোট ৪৫৯ শিশুর মৃত্যু হয়েছে। স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য বলছে, চলতি বছরের ১৫ মার্চ থেকে হামের উপসর্গ দেখা দিয়েছে ৫৭ হাজার ৮৪৬ শিশুর। এ সময় হামের উপসর্গ নিয়ে হাসপাতালে ভর্তি হয়েছে ৪২ হাজার ৯২ শিশু। তাদের মধ্যে সুস্থ হয়ে হাসপাতাল থেকে ৩৭ হাজার ৭৪৪ শিশু বাড়ি ফিরেছে। গত ১৫ মার্চ থেকে দেশে ৭ হাজার ৭৬৭ শিশুর শরীরে হাম শনাক্ত হয়েছে বলেও উল্লেখ করেছে স্বাস্থ্য অধিদপ্তর। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ১৭.০৫.২০২৬ রনি)

## জাগো নিউজ

### সম্পাদক পরিষদের নেতাদের সঙ্গে প্রধানমন্ত্রীর বৈঠক

প্রধানমন্ত্রী তারেক রহমান, সম্পাদক পরিষদের নেতাদের সঙ্গে বৈঠ ক করেছেন। রোববার (১৭ মে) দুপুরে সচিবালয়ে মন্ত্রিপরিষদ বিভাগের জনপ্রশাসন সভাকক্ষে এ বৈঠক হয়। এতে উপস্থিত ছিলেন তথ্য ও সম্প্রচারমন্ত্রী জহির উদ্দিন স্বপন, প্রতিমন্ত্রী ইয়াসের খান চৌধুরী এবং প্রধানমন্ত্রীর তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়বিষয়ক উপদেষ্টা ডা . জাহেদ উর রহমান। বৈঠকে অংশ নেন সম্পাদক পরিষদের সভাপতি ও নিউ এজের সম্পাদক নূরুল কবীর , সাধারণ সম্পাদক ও বণিক বার্তার সম্পাদক দেওয়ান হানিফ মাহমুদ , ডেইলি স্টারের সম্পাদক ও প্রকাশক মাহফুজ আনাম , মানবজমিনের সম্পাদক মতিউর রহমান চৌধুরী, প্রথম আলোর সম্পাদক মতিউর রহমান, ফিনান্সিয়াল এক্সপ্রেসের সম্পাদক শামসুল হক জাহিদ , ইনকিলাবের সম্পাদক এ এম এম বাহাউদ্দিন , সুপ্রভাত বাংলাদেশের সম্পাদক রুশো মাহমুদ এবং করতোয়ার সম্পাদক মো . মোজাম্মেল হক। বৈঠক শেষে প্রধানমন্ত্রী সাংবাদিকদের সঙ্গে মধ্যাহ্নভোজে অংশ নেন। এসময় প্রধানমন্ত্রীর প্রেস সচিব সালেহ শিবলী ও অতিরিক্ত প্রেস সচিব আতিকুর রহমান রুমন উপস্থিত ছিলেন। (জাগো নিউজ ওয়েব পেজ:১৭.০৫.২০২৬ রিহাব)

### জাতীয় সংসদে সাবেক প্রতিমন্ত্রী সিনহার জানাজা, অংশ নিলেন প্রধানমন্ত্রী

সাবেক স্বাস্থ্য প্রতিমন্ত্রী ও দেশের ঔষধ প্রস্তুতকারক প্রতিষ্ঠান একমি ল্যাবরেটরিজ লিমিটেড অ্যান্ড গ্রুপের ব্যবস্থাপনা পরিচালক মিজানুর রহমান সিনহার জানাজা সম্পন্ন হয়েছে। রোববার (১৭ মে) বেলা সাড়ে ১১টার দিকে জাতীয় সংসদ ভবনের দক্ষিণ প্লাজায় সাবেক এই প্রতিমন্ত্রীর জানাজা অনুষ্ঠিত হয়। প্রধানমন্ত্রী তারেক রহমান জানাজায় অংশ নেন এবং মরহুমের বিদে হী আত্মার মাগফেরাত কামনা করেন। জানাজায় ইমামতি করেন জাতীয় সংসদ সচিবালয়ের সিনিয়র পেশ ইমাম আবু রায়হান। এছাড়াও , জাতীয় সংসদের স্পিকার মেজর (অব.) হাফিজ উদ্দিন আহমদ, ডেপুটি স্পিকার ব্যারিস্টার কায়সার কামাল , স্থানীয় সরকারমন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীরসহ মন্ত্রি পরিষদ বিভাগের সদস্যরা জানাজায় অংশ নেন। (জাগো নিউজ ওয়েব পেজ:১৭.০৫.২০২৬ রিহাব)

## ড. ইউনূস ও সাবেক উপদেষ্টাদের দেশত্যাগে নিষেধাজ্ঞা চেয়ে রিট

আড়াই দশকের বেশি সময় ধরে চলমান হামের টিকাদান কর্মসূচি বাতিলে সাবেক অন্তর্বর্তী সরকারের সিদ্ধান্তকে `ফৌজদারি অবহেলা, উল্লেখ করে, ড. মুহাম্মদ ইউনূসসহ সংশ্লিষ্ট ব্যক্তিদের ভূমিকা তদন্তের নির্দেশনা চেয়ে রিট আবেদন দায়ের করা হয়েছে। একইসঙ্গে, সাবেক প্রধান উপদেষ্টা ড. ইউনূস ও সাবেক সব উপদেষ্টাসহ ২৪ জনের দেশত্যাগে নিষেধাজ্ঞার নির্দেশনা চাওয়া হয়েছে রিটে। হামের টিকাকে রাষ্ট্রীয় ব্যব স্থা থেকে বেসরকারি খাতে দেওয়ার সঙ্গে জড়িত থাকার অভিযোগ তুলে রোববার (১৭ মে) হাইকোর্টের সংশ্লিষ্ট শাখায় সুপ্রিম কোর্টের আইনজীবী ব্যারিস্টার এম আশরাফুল ইসলাম এই রিট আবেদন দায়ের করেন। রিটে তদন্ত কমিটি গঠন ও ড. মুহাম্মদ ইউনূসসহ উপদেষ্টা পরিষদের সব সদস্যের বিরুদ্ধে দেশত্যাগে নিষেধাজ্ঞা জারি করার নির্দেশনা চাওয়া হয়েছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৭.০৫.২০২৬ রিহাব)

## মনগড়া টিআরপি-প্রচার সংখ্যা দিয়ে গণমাধ্যমে বিজ্ঞাপন বণ্টন হবে না: তথ্যমন্ত্রী

মনগড়া তথ্যের ভিত্তিতে করা টেলিভিশন চ্যানেলের টিআরপি এবং পত্রিকার প্রচার সংখ্যা অনুযায়ী বিজ্ঞাপন বণ্টন ব্যবস্থা থেকে সরকার বেরিয়ে আসবে বলে জানিয়েছেন, তথ্য ও সম্প্রচারমন্ত্রী জহির উদ্দিন স্বপন। রোববার (১৭ মে) সচিবালয়ে টেলিভিশন এডিট রস কাউন্সিলের (টিইসি) নেতাদের সঙ্গে বৈঠকে মন্ত্রী এ কথা জানান। তিনি বলেন, টিআরপি (টেলিভিশন রেটিং পয়ে ন্ট) এবং পত্রিকা ছাপার সংখ্যা, যেহেতু এই দুইটা হচ্ছে আউটলেট। আপনার ভিজ্যুয়াল মিডিয়ায় আপনার কত লোক দেখে, কত লোক দেখে না - এটার একটা পরিসংখ্যান ব্যবস্থা আজকালকার ডিজিটাল যুগে কোনো কঠিন কাজ না। ছাপার ক্ষেত্রে যেহেতু আমাদের সব প্রেসের কনফা রমেশন কমপালশন করা যায়নি, হিস্ট্রি ডিজিটাল প্রেসে যাবে, সেহেতু তার ছাপাটা পাওয়ার কোনো ডিজিটাল মেকানিজম নাই। কিন্তু, এই না থাকার সুযোগে মাত্র ৫০০টা টিআরপি দিয়ে আমি দেশের ৫ কোটি টেলিভিশনের হিসাব বুঝায়া দেবো অথবা সেই মিথ্যাকে গ্রহণ করবো অথবা পত্রিকার ছাপাকে আমি আমার মনগড়া একটা সংখ্যা র ভিত্তিতে বিজ্ঞাপনের সুযোগ-সুবিধা বণ্টন করবো- এই নীতিমালা থেকে তথ্য মন্ত্রণালয় বেরিয়ে আসবে। তিনি ব লেন, সুযোগ-সুবিধার ক্ষেত্রে হয়ত কোনো পরিবর্তন হবে না, কিন্তু যে তথ্য-পরিসংখ্যানের ভিত্তিতে আমরা এই সিদ্ধান্ত নেবো, সেখানে কোনো মিথ্যার আশ্রয়ের মধ্যে তথ্য ম ন্ত্রণালয় আর থাকবে না। তথ্যমন্ত্রী বলেন, একবার যখনই একটা রাই ট ডিজিটাল টিআরপি সিস্টেম দাঁড় করতে পারবো এবং একটা রাইট ডিজিটাল প্রিন্ট কাউন্টিংটা দাঁড় করতে পারবো, তখন তার ভিত্তিতে আমি সব ধরনের সুযোগ এবং অধিকারের বণ্টনটাও করতে পারবো। (জাগো নিউজ ওয়েব পেজ:১৭.০৫.২০২৬ রিহাব)

## ঋণের নামে একের পর এক প্রতারণার ফাঁদ, টার্গেট গ্রামের হতদরিদ্ররা

গাইবান্ধায় একের পর এক প্রতারণার শিকার হচ্ছে সাধারণ মানুষ। অভিনব সব কায়দা ব্যবহার করে বড়ো অঙ্কের অর্থ আত্মসাতের ঘটনা ঘটেই চলছে। একই ধরনের ঘটনার পুনরাবৃত্তি ঘটায় উদ্বেগ প্রকাশ করেছে সচেতন মহল। এবার বিনামূল্যে পাকা ঘর, নলকূপ ও গবাদিপশু দেওয়ার প্রলোভন দেখিয়ে সহস্রাধিক পরিবারের কাছ থেকে অন্তত দেড় কোটি টাকা হাতিয়ে নেওয়ার অভিযোগ উঠেছে `আল আনসার ওয়েল ফেয়ার ফাউন্ডেশন বাংলাদেশ, নামের একটি সামাজিক সংগঠনের বিরুদ্ধে। প্রতিষ্ঠানটির পরিচালক মওলানা শহিদুল ইসলাম এই বিপুল অর্থ আত্মসাৎ করে এরই মধ্যে গা-ঢাকা দিয়েছেন। অর্থ খুইয়ে চরম বিপদে পড়েছেন গ্রামে র সহজ-সরল হতদরিদ্র এসব মানুষ। এ ঘটনার বিচার ও অর্থ ফেরতের দাবি ভুক্তভোগীদের। (জাগো নিউজ ওয়েব পেজ:১৭.০৫.২০২৬ রিহাব)

## মোটরসাইকেলে করের পরিকল্পনা থেকে সরে আসার আহ্বান জামায়াত আমিরের

আগামী (২০২৬-২৭) অর্থবছরের বাজেটে রাজস্ব আহরণ বাড়াতে মোটরসাইকেলকে নতুন করে করের আওতায় আনার পরিকল্পনা করছে সরকার। মোটরসাইকেলে সিসিভেদে বছরে দুই হাজার থেকে ১০ হাজার টাকা অগ্রিম আয়কর আরোপের প্রস্তাব থাকছে। এমন পরিকল্পনা থেকে সরকারকে সরে আসার আহ্বান জানিয়েছেন বিরোধীদলীয় নেতা ও বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান। রোববার (১৭ মে) বেলা সোয়া ১১টায় নিজের ফেসবুক পেজে দেওয়া এক পোস্টে এ আহ্বান জানান তিনি। ফেসবুক পোস্টে জামায়াত আমির বলেন, সম্প্রতি বিভিন্ন গণমাধ্যম মারফত জানা যাচ্ছে, সরকার মোটরসাইকেল মালিকদের ওপর কর আরোপ করতে যাচ্ছে। মোটরসাইকেলের মালিক ও চালক সাধারণত কোনো সম্পদশালী মানু ষ নন; জীবন ও জীবিকার প্রয়োজনে তারা এই বাহনটি ব্যবহার করেন। তিনি বলেন, করের আওতা বাড়ানো রাষ্ট্রের রাজস্ব আহরণের জন্য প্রয়োজন হতে পারে, তবে জীবনযুদ্ধে ক্লান্ত এসব মানুষগুলোর ওপর অতিরিক্ত কর আরোপ অবশ্যই উচিত নয়। আশা করি, সরকার এমন কোনো চিন্তা করে থাকলে তা থেকে সরে আসবে। অন্যথায় এটি একটি জনস্বার্থবিরোধী সিদ্ধান্ত হিসেবে বিবেচিত হবে।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৭.০৫.২০২৬ রিহাব)

## ময়মনসিংহে টিকা নেওয়ার আগেই হামে আক্রান্ত, দুইমাসে মৃত্যু ৩৩ শিশুর

ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতালে হাম ও হামের উপসর্গ নিয়ে ভর্তি হওয়া শিশু দের মৃত্যুর ঘটনায় উদ্‌বেগজনক তথ্য উঠে এসেছে। হাসপাতালের সর্বশেষ তথ্য অনুযায়ী , চিকিৎসাধীন অবস্থায় মারা যাওয়া শিশুদের প্রায় ৭৭ শতাংশই ছিল এমন বয়সের, যাদের এখনো হামের টিকা নেওয়ারই সময় হয়নি। ১৭ মার্চ থেকে ১৫ মে পর্যন্ত হাসপাতালের তথ্য বিশ্লেষণে দেখা যায়, হাম ও হামের উপসর্গ নিয়ে ভর্তি হওয়া ৩৩ শিশুর মৃত্যু হয়েছে। এর মধ্যে ২৪ জন শিশুর বয়স ছিল জন্ম থেকে ৯ মাসের মধ্যে। মৃত ২৪ শিশুর মধ্যে ১৮ জন ছেলে ও ৬ জন মেয়ে। এদিকে , চিকিৎসা বিজ্ঞানের নিয়ম অনুযায়ী , ৯ মাস বয়স পূর্ণ হওয়ার পর শিশুদের হামের প্রথম ডোজ টিকা দেওয়া হয়। ফলে এসব শিশু টিকা নেওয়ার আগেই সংক্রমণের শিকার হয়েছে। এছাড়া , ১০ থেকে ১৫ মাস বয়সি ৪ শিশুর মৃত্যু হয়েছে, যাদের সবাই ছেলে। ১৫ মাসের বেশি বয়সি আরও দুই শিশুর মৃত্যু হয়েছে, যার মধ্যে একজন ছেলে ও একজন মেয়ে। অপর এক শিশুর বয়সের তথ্য পাওয়া যায়নি। হাসপাতাল সূত্র জানায় , মৃত শিশুদের মধ্যে সবচেয়ে বেশি ১৬ জন ময়মনসিংহ জেলার বাসিন্দা। এছাড়া , নেত্রকোনার ৫ জন, জামালপুরের ৪ জন, কিশোরগঞ্জের ৩ জন, শেরপুরের ২ জন এবং টাঙ্গাইলের ১ জন শিশু রয়েছে। জনস্বাস্থ্য বিশেষজ্ঞরা বলছেন , টিকা দেওয়ার আগেই শিশুদের আক্রান্ত হয়ে মৃত্যুবরণ করা অত্যন্ত উদ্‌বেগজনক। এ পরিস্থিতিতে গর্ভবতী মায়েদের টিকাদান , শিশুদের পুষ্টি নিশ্চিত করা এবং অভিভাবকদের সচেতনতা বাড়ানোর ওপর জোর দিচ্ছেন চিকিৎসকরা। আক্রান্ত হওয়ার পর অনেক ক্ষেত্রে দেরিতে হাসপাতালে আনার কারণেও মৃত্যুঝুঁকি বাড়ছে বলে মত তাদের। চিকিৎসকদের দাবি , হাসপাতালে শি শুদের জন্য পর্যাপ্ত আইসিইউ সুবিধা না থাকা এবং শয্যা সংকট পরিস্থিতিকে আরও জটিল করে তুলেছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৭.০৫.২০২৬ রিহাব)

## ক্যানসার প্রতিরোধে প্রাইমারি হেলথ কেয়ারকে অগ্রাধিকার দিচ্ছে বাংলাদেশ

ক্যানসার প্রতিরোধ ও নিয়ন্ত্রণে বাংলাদেশ প্রাথমিক স্বাস্থ্য সেবা ব্যবস্থাকে মূল ভিত্তি হিসেবে ধরে কাজ করছে বলে জানিয়েছেন, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ প্রতিমন্ত্রী ড . এম এ মুহিত। শনিবার (১৬ মে) সুইজারল্যান্ডের জেনেভায় কমনওয়েলথ হেলথ কো-অর্ডিনেশন ফোরামে `কমনওয়েলথভুক্ত দেশগুলোতে ক্যানসার চিকিৎসা , শীর্ষক উচ্চপর্যায়ের বৈঠকে অংশ নিয়ে এক বক্তব্যে তিনি একথা বলেন। কমনওয়েলথ হেলথ কো -অর্ডিনেশন ফোরাম আয়োজিত এ সভায় বাংলাদেশসহ কমনওয়েলথের সদস্য রাষ্ট্রসমূহের প্রতিনিধি , স্বাস্থ্য বিশেষজ্ঞ এবং নীতি -নির্ধারকরা আলোচনায় অংশ নেন। স্বাস্থ্য প্রতিমন্ত্রী ড . এম এ মুহিত বাংলাদেশের পক্ষে দে ওয়া তার বক্তব্যে স্পষ্ট করে বলেন , সর্বজনীন স্বাস্থ্য সুরক্ষা (ইউএইচসি) এবং একটি শক্তিশালী স্বাস্থ্য ব্যবস্থা গড়ে তুলতে বর্তমান সরকার প্রাথমিক স্বাস্থ্যসেবাকে সর্বোচ্চ গুরুত্ব দেওয়া হচ্ছে। বিশেষ করে সুবিধাবঞ্চিত ও প্রান্তিক জনগোষ্ঠীর জন্য ক্যানসার চিকিৎসা সহজলভ্য, সাশ্রয়ী এবং জনবান্ধব করতে একে প্রাথমিক স্বাস্থ্যসেবা কাঠামোর সঙ্গে একীভূত করা অপরিহার্য।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৭.০৫.২০২৬ রিহাব)

## চট্টগ্রামে ১ লাখ ১৩ হাজার টাকার জাল নোটসহ গ্রেফতার৩

চট্টগ্রাম নগর ও জেলার পৃথক দুটি অভিযানে ১ লাখ ১৩ হাজার ৬০০ টাকার জাল নোটসহ তিনজনকে গ্রেফতার করেছে র্যাব -৭। রোববার (১৭ মে) র্যাব-৭ এর পাঠানো এক প্রেস বিজ্ঞপ্তিতে গ্রেফতারের বিষয়টি জানানো হয়। এর আগে, শনিবার (১৬ মে) নগরের পাঁচলাইশ ও হাটহাজারী এলাকায় অভিযান চালিয়ে তাদের গ্রেফতার করা হয়। র্যাব জানায়, গোপন সংবাদের ভিত্তিতে তারা জানতে পারে, পাঁচলাইশ এলাকায় কিছু ব্যক্তি জাল টাকা বিক্রির জন্য অবস্থান করছেন। পরে দুপুর দেড়টার দিকে পাঁচলাইশ থানার হানজারবাগ জিলানী গলির পাশে শুক্কুর মোটরসের সামনে অভিযান চালানো হয়। এ সময় র্যা বের উপস্থিতি টের পেয়ে পালানোর চেষ্টা করলে মো . আছান উল্লাহ ওরফে হাসান (৩৫) নামের একজনকে আটক করা হয়। তার কাছ থেকে ১ লাখ ১২ হাজার ৭৫০ টাকার জাল নোট উদ্ধার করা হয়। আছান উল্লাহ শরীয়তপুর জেলার ভেদরগঞ্জ উপজেলার মহিষাড় এলাকার বাসিন্দা। একই দিন রাতে হাটহাজারী থানার আলিপুর আব্বাসিয়াপুর এলাকায় আরেকটি অভিযান চালায় র্যাব। সেখানে র্যাবের উপস্থিতি টের পেয়ে পালানোর চেষ্টা করলে জাহিদুল ইসলাম ওরফে আসিফ (২১) ও হাসানুর রাহি (১৯) নামের দুই যুবককে আটক করা হয়। তাদের মধ্যে জাহিদুল ইসলামের কাছ থেকে ৪০০ টাকা এবং হাসানুর রাহির কাছ থেকে ৪৫০ টাকার জাল নোট উদ্ধার করা হয়। তারা দুইজনই ফেনী জেলার পরশুরাম উপজেলার বাসিন্দা। (জাগো নিউজ ওয়েব পেজ:১৭.০৫.২০২৬ রিহাব)

## হাওরের ফসল রক্ষায় সরকারের বড়ো উদ্যোগ

বাংলাদেশের উত্তর-পূর্বাঞ্চলের হাওর অধ্যুষিত এলাকায় প্রতি বছরই আগাম বন্যা ও বাঁধ ভেঙে তলিয়ে যায় শত শত হেক্টর জমির বোরো ধান। এতে অনেকটা নিয়মিতই ফসল হারি য়ে আর্থিক ক্ষতির শিকার হচ্ছেন কৃষক। এ অবস্থায় আগাম বন্যা থেকে কৃষকের ধান রক্ষায় হাওর অঞ্চলের ১৩টি নদী ড্রেজিংয়ের প্রকল্প হাতে নিচ্ছে সরকার। প্রস্তাবিত এ প্রকল্পে ব্যয় ধরা হয়েছে ১ হাজার ৪২৯ কোটি টাকা। প্রতি ঘনমিটার মাটি অপসারণে প্রায় ১৯৩ টাকা ব্যয় ধরা হয়েছে।

এ প্রকল্পের আওতায় ১৩টি নদী ড্রেজিং, খাল পুনঃখনন এবং পানি নিষ্কাশন ব্যবস্থার উন্নয়ন করা হবে। এর মাধ্যমে এক লাখ ৬৫ হাজার ২৩০ হেক্টর কৃষিজমি আগাম বন্যা থেকে সুরক্ষা দেওয়া সম্ভব হবে। `হাওর অঞ্চলের আগাম বন্যা ও সমন্বিত পানিসম্পদ ব্যবস্থাপনা উন্নয়ন (১ম পর্যায়), শীর্ষক প্রকল্পের আওতায় এসব নদী ড্রেজিং করা হবে। প্রস্তাবিত প্রকল্প এলাকা পরিদর্শন, জনগণের মতামত যাচাই এবং হাওরাঞ্চলের পানি নিষ্কাশন সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে এসব নদী ড্রেজিংয়ের জন্য কিছু সিদ্ধান্ত নেওয়া হবে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৭.০৫.২০২৬ রিহাব)

## আরও এক বাংলাদেশি হজযাত্রীর মৃত্যু; সৌদি পৌঁছেছেন ৫৯,৭৮৩ জন

সৌদি আরবে আরও এক বাংলাদেশি হজযাত্রী মারা গেছেন। এ নিয়ে চলতি বছর মোট ১৬ বাংলাদেশি হজযাত্রী মৃত্যুবরণ করেছেন। অন্যদিকে এখন পর্যন্ত ১৫৪টি হজ ফ্লাইটে সৌদি আরবে পৌঁছেছেন ৫৯ হাজার ৭৮৩ জন বাংলাদেশি হজযাত্রী। রোববার (১৭ মে) ধর্ম মন্ত্রণালয়ের হজ পোর্টালের আইটি হেল্প ডেস্কের প্রতিদিনের বুলেটিন থেকে এ তথ্য জানা গেছে। সর্বশেষ শনিবার (১৬ মে) ঢাকার তেজগাঁওয়ের এন এম মনিরুল হক (৪৫) মক্কায় মারা গেছেন। তিনি বেসরকারি ব্যবস্থাপনার হজযাত্রী। মারা যাওয়া হজযাত্রীদের মধ্যে ১২ জন পুরুষ, ৪ জন নারী। তাদের মধ্যে মক্কায় ১২ জন ও মদিনায় ৪ জন মারা গেছেন। এখন পর্যন্ত বিমান বাংলাদেশ এয়ারলাইন্স ৭৮টি, সৌদি এয়ারলাইন্স ৫৪টি ও ফ্লাইনাস এয়ারলাইন্স ২২টি ফ্লাইট পরিচালনা করেছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৭.০৫.২০২৬ রিহাব)

## ১ জুলাই থেকে নতুন পে-স্কেল কার্যকরের নীতিগত সিদ্ধান্ত

সরকারি চাকরিজীবীদের জন্য বহুল প্রতীক্ষিত নবম জাতীয় বেতন কাঠামো (পে-স্কেল) আগামী ১ জুলাই থেকে কার্যকর করার নীতিগত সিদ্ধান্ত দিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। তবে সরকারের ওপর অতিরিক্ত আর্থিক চাপ ও মূল্যস্ফীতির ঝুঁকি বিবেচনায় নিয়ে নতুন এই পে-স্কেল একসঙ্গে নয়, তিন ধাপে বাস্তবায়নের পরিকল্পনা নেওয়া হয়েছে। সংশ্লিষ্ট সূত্র জানায়, পুরো পে-স্কেল বাস্তবায়নে সরকারের অতিরিক্ত প্রায় ১ লাখ ৬ হাজার কোটি টাকার প্রয়োজন হবে। এ কারণে প্রথম ধাপে বর্ধিত মূল বেতনের ৫০ শতাংশ কার্যকর করা হবে। এর জন্য আসন্ন বাজেটে ৩০ হাজার কোটি টাকার বেশি বরাদ্দ রাখার প্রস্তুতি এরই মধ্যে সম্পন্ন হয়েছে। গত বুধ (১৩ মে) ও বৃহস্পতিবার (১৪ মে) সচিবালয়ের মন্ত্রিপরিষদ বিভাগে বাজেটসংক্রান্ত উচ্চপর্যায়ের ধারাবাহিক বৈঠকে এ সিদ্ধান্ত নেওয়া হয়। টানা দু -দিনের ওই বৈঠকে অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী নতুন পে -স্কেলের রূপরেখা, খাতভিত্তিক বরাদ্দ এবং জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) কর আহরণের সার্বিক চিত্র প্রধানমন্ত্রীর সামনে তুলে ধরেন। সব দিক পর্যালোচনার পর প্রধানমন্ত্রী নতুন বেতন কাঠামো চালুর বিষয়ে চূড়ান্ত সম্মতি দেন। (জাগো নিউজ ওয়েব পেজ:১৭.০৫.২০২৬ রিহাব)

## সাবেক মেয়র আইভীর কারামুক্তিতে বাধা নেই

সিদ্ধিরগঞ্জ থানায় করা দুই মামলায় নারায়ণগঞ্জ সিটি করপোরেশনের সাবেক মেয়র সেলিনা হায়াৎ আইভীকে দেওয়া হাইকোর্টের জামিন বহাল রেখেছেন সুপ্রিম কোর্টের আপিল বিভাগ। এর ফলে , আইভীর কারামুক্তিতে বাধা নেই বলে জানিয়েছেন আইনজীবীরা। রোববার (১৭ মে) আপিল বিভাগের বিচারপতি মো. রেজাউল হকের চেম্বার জজ আদালত এই আদেশ দেন। এর আগে, হত্যাসহ পাঁচ মামলায় আইভীকে দেওয়া জামিনের বিরুদ্ধে রাষ্ট্রপক্ষের আবেদন সম্প্রতি খারিজ করেন আপিল বিভাগ। অপর পাঁচ মামলায় জামি নের বিষয়ে চেম্বার আদালতের স্থগিতাদেশ প্রত্যাহার করে হাইকোর্টে রুল নিষ্পত্তি করতে বলা হয়। ১০ মে আপিল বিভাগ এ আদেশ দেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৭.০৫.২০২৬ রিহাব)

## ১১৬ জুয়ার সাইট বন্ধে বিটিআরসিতে তালিকা দিল সিআইডি

অনলাইন জুয়ার সঙ্গে জড়িত ১১৬টি ওয়েবসাইট শনাক্ত করে সেগুলো বন্ধে বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশনে (বিটিআরসি) তালিকা পাঠিয়েছে পুলিশের অপরাধ তদন্ত বিভাগ (সিআইডি)। রোববার (১৭ মে) রাজধানীর মালিবাগে সিআইডি হেডকোয়ার্টার্সে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এ তথ্য জানান সিআইডি পুলিশের অতিরিক্ত আইজিপি মোসলেহ্ উদ্দিন আহমেদ। অনলাইন জুয়ার সাইট পরিচালনা করে বিদেশে কোটি টাকা পাচারকারী চক্রের আট সদস্য গ্রেফতারের বিষয়ে বিস্তারিত তুলে ধরতে এ সংবাদ সম্মেলন করা হয়। মোসলেহ্ উদ্দিন আহমেদ বলেন , সিআইডির সাইবার ইন্টেলিজেন্স অ্যান্ড রিস্ক ম্যানেজমেন্ট ইউনিট অনলাইন জুয়া প্রতিরোধে নিয়মি ত সাইবার মনিটরিং কার্যক্রম পরিচালনা করে আসছে। তিনি বলেন , গত ১ মে থেকে আজ ১৭ মে পর্যন্ত পরিচালিত সাইবার পেট্রোলিংয়ে জুয়ার সঙ্গে জড়িত ওয়েবসাইট শনাক্ত করে সেগুলো ডাউন করার জন্য বিটিআরসিতে ১১৬টি ওয়েবসাইটের তথ্য দিয়েছে সিআইডি। অনলাইন জুয়া ও সংশ্লিষ্ট অবৈধ আর্থি ক কার্যক্রম প্রতিরোধে সিআইডির এ ধরনের সাইবার মনিটরিং কার্যক্রম নিয়মিত পরিচালিত হচ্ছে। অপরাধের পূর্ণাঙ্গ তথ্য উদ্ঘাটন, অজ্ঞাত অপর সদস্যদের শনাক্তকরণ ও অন্যান্য আইনানুগ প্রক্রিয়ার স্বার্থে সিআইডির তদন্ত অব্যাহত রয়েছে বলেও জানান এ কর্মকর্তা।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৭.০৫.২০২৬ রিহাব)

## ঢাকায় বাসার বেজমেন্টে মিললো ৭ টুকরা মরদেহ, মোড়ানো ছিল পলিথিনে

রাজধানীর মুগদায় বাসার বেজমেন্টে সাত টুকরা করা একটি মরদেহ পাওয়া গেছে। অজ্ঞাতপরিচয় এক পুরুষের অর্ধগলিত মরদেহটি পলিথিনে মোড়ানো ছিল। পুলিশ রোববার (১৭ মে) মান্ডা এলাকার আব্দুল করিম রোডের ২৬০/১ নম্বর ভবন শাহনাজ ভিলা থেকে মরদেহটি উদ্ধার করে ময়নাতদন্তের জন্য বিকেলে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল মর্গে পাঠায়। মুগদা থানার উপ -পরিদর্শক (এসআই) মো. আবু রায়হান বলেন , "আমরা খবর পেয়ে মান্ডার আব্দুল করিম রোডের শাহনাজ ভিলা থেকে অজ্ঞাতপরিচয় এক ব্যক্তির পচাগলা ও পলিথিনে মোড়ানো মরদেহ দুপুর দেড়টার দিকে উদ্ধার করি। পরে আইনি প্রক্রিয়া শেষে তা ময়নাতদন্তের জন্য ঢাকা মেডিকেল কলেজ মর্গে পাঠানো হয়। " এসআই রায়হান জানান , নিহত ব্যক্তির গলার নিচ থেকে পেট পর্যন্ত চিরে দেওয়া এবং দুই হাত ও দুই পা বিচ্ছিন্ন করা। ডিএনএ নমুনা ও প্রযুক্তির সহায়তায় তার পরিচয় শনাক্তের চেষ্টা করা হচ্ছে।

(জাগো নিউজ ওয়েব পেজ:১৭.০৫.২০২৬ রিহাব)

## অনলাইন জুয়ায় দিনে সংগ্রহ ২ কোটি, হুন্ডি-ক্রিপ্টোতে পাচার

দেশীয় ও আন্তর্জাতিক অনলাইন জুয়ার সাইট নিয়ন্ত্রণ ও পরিচালনার মাধ্যমে দিনে প্রায় ২ কোটি টাকা অবৈধভাবে সংগ্রহ এবং বিদেশে পাচার করছিল একটি সংঘবদ্ধ চক্র। এর হোতাসহ মোট আট সদস্যকে গ্রেফতার করেছে পুলিশের অপরাধ তদন্ত বিভাগ (সিআইডি)। সিআইডি বলছে, চক্রটি জুয়ার সাইট পরিচালনার মাধ্যমে দিনে ১ কোটি ৮০ লাখ থেকে ২ কোটি টাকা অবৈধভাবে আয় করছিল। এ টাকা ডিজিটাল হুন্ডি ও ক্রিপ্টোকারেন্সির মাধ্যমে বিদেশে পাচার করা হতো। গত ছয় মাস ধরে চক্রটি এই কার্যক্রম পরিচালনা করে আসছিল। রোববার (১৭ মে) রাজধানীর মালিবাগে সিআইডি সদর দপ্তরে আয়োজিত সংবাদ সম্মেলনে এসব তথ্য জানান সংস্থার প্রধান অতিরিক্ত আইজিপি মোসলেহ উদ্দিন আহমেদ। (জাগো নিউজ ওয়েব পেজ:১৭.০৫.২০২৬ রিহাব)

## বাংলাদেশের সঙ্গে ব্যবসা বাড়াতে চায় নিউজিল্যান্ড, জানালেন রাষ্ট্রদূত

খাদ্য ও জনপ্রশাসন প্রতিমন্ত্রী আব্দুল বারী এমপির সঙ্গে বাংলাদেশে নিযুক্ত নিউজিল্যান্ডের হাইকমিশনার ডেভিড পাইনের নেতৃত্বে একটি প্রতিনিধিদল সৌজন্য সাক্ষা ৎ করেছে। এ সময় দেশটির রাষ্ট্রদূত জানান , বাংলাদেশের সঙ্গে ব্যবসা-বাণিজ্য বাড়ানো আগ্রহ রয়েছে নিউজল্যান্ডের। রোববার (১৭ মে) খাদ্য মন্ত্রণালয়ে প্রতিমন্ত্রীর অফিস কক্ষে এ সাক্ষাৎ হয়। এ সময় বাংলাদেশ ও নিউজিল্যান্ডের মধ্যে অর্থনৈতিক ও বাণিজ্যিক সম্পর্ক আরও সম্প্র সারণ, খাদ্য নিরাপত্তা, খাদ্য ব্যবস্থাপনাসহ অন্যান্য বিষয়ে পারস্পরিক সহযোগিতা বৃদ্ধির বিভিন্ন দিক নিয়ে আলোচনা হয়েছে। খাদ্য প্রতিমন্ত্রী বলেন, নিউজিল্যান্ড বাংলাদেশ থেকে তৈরি পোশাক, ঔষধ, চামড়া ও চামড়াজাত পণ্য আমদানি করে। এসব পণ্য আরও বেশি বেশি নেওয়ার বিষয়ে বিবেচনা করতে পারে। এখন এসব খাতে বাংলাদেশের পণ্যের গুণগত মান এবং আন্তর্জাতিক বাজারে প্রতিযোগিতামূলক সক্ষমতা বেড়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৭.০৫.২০২৬ রিহাব)

## আওয়ামী লীগের মিছিলে পুলিশের ধাওয়া, ব্যানার ফেলে পালালো নেতা-কর্মীরা

কার্যক্রম নিষিদ্ধ ঘোষিত আওয়ামী লীগে র সভানেত্রী শেখ হাসিনার স্বদেশ প্রত্যাবর্তন দিবস উপলক্ষ্যে রাজধানীতে মিছিল করেছেন সংগঠনের নেতা -কর্মীরা। এসময় পুলিশ ধাওয়া দিলে ব্যানার -ফেস্টুন ফেলে পালিয়ে যান তারা। রোববার (১৭ মে) সকালে রাজধানীর আসাদগেট এলাকায় এ ঘটনা ঘটে। পুলিশ বলছে , মিছিলে অংশ নেওয়া নেতা-কর্মীদের ধরতে তথ্য সংগ্রহের কাজ চলছে। অভিযান চালিয়ে তাদের গ্রেফতারে কাজ করছে পুলিশ। ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) তেজগাঁও বিভাগের এডিসি জুয়েল রানা বলেন , রোববার সকালে আসাদগেট এলাকায় একটি মিছিল বের করেছিলেন কার্যক্রম নিষিদ্ধ সংগঠনের নেতা-কর্মীরা। পরে পুলিশ সদস্যরা মিছিল দেখে ধাওয়া দিলে তারা ব্যানার-পোস্টার ফেলে পালিয়ে যান। মিছিলে অংশ নেওয়া ব্যক্তিদের নাম -ঠিকানা সংগ্রহ করা হচ্ছে। অভিযান চালিয়ে তাদের ধরা হবে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৭.০৫.২০২৬ রিহাব)

## কোরবানির পশুর চামড়া নিয়ে কোনো অরাজকতা চলবে না: চসিক মেয়র

কোরবানির পশুর চামড়া নিয়ে কোনো অরাজকতা চলবে না বলে ঘোষণা দিয়েছেন চট্টগ্রাম সিটি করপোরেশনের (চসিক) মেয়র ডা. শাহাদাত হোসেন। রোববার (১৭ মে) চসিক নগরভবনে কোরবানির পশুর চামড়া সংরক্ষণ ও পরিবেশসম্মত ব্যবস্থাপনা নিয়ে বৃহত্তর চট্টগ্রাম কাঁচা চামড়া আড়তদার ব্যবসায়ী সমিতির নেতা দের সঙ্গে আয়োজিত এক সমন্বয় সভায় তিনি এ ঘোষণা দেন। কোরবানির পশুর চামড়ার অব্যবস্থাপনার কারণে যেন নগরীর পরিবেশ নষ্ট না হয় এবং কোরবানিদাতারা ভোগান্তির শিকার না হন , সেজন্য সংশ্লিষ্ট সব প্রতিষ্ঠানের সঙ্গে সমন্বিতভাবে কাজ করার নির্দেশনা দিয়েছেন মেয়র। তিনি বলেন , কোরবানির পশুর চামড়া নিয়ে কোনো ধরনের অরাজকতা চলবে না। কোরবানির সময় চামড়া ব্যবস্থাপনায় সামান্য অব্যবস্থাপনাও নগরবাসীর জন্য বড়ো ধরনের দুর্ভোগ সৃষ্টি করতে পারে।

(জাগো নিউজ ওয়েব পেজ: ১৭.০৫.২০২৬ রুবাইয়া)

### সিলেটের একটি বাড়ি থেকে ভারত ফেরত ১৩ জন আটক

সিলেটের জৈন্তাপুর উপজেলার একটি বাড়ি থেকে ভারত ফেরত ১৩ জনসহ ১৪ জনকে আটক করেছে পুলিশ। আটকদের মধ্যে নয়জন নারী রয়েছেন। এসময় মানবপাচারের অভিযোগে স্থানীয় এক দালালকেও আটক করা হয়। রোববার (১৭ মে) দুপুরে উপজেলার নিজপাট ইউনিয়নের উজানী নগর গ্রামের আব্দুল করিমের তিনতলা বাড়ি থেকে স্থানীয় জনতা তাদের আটক করে। পরে খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে গিয়ে তাদের থানায় নিয়ে আসে। আটকের বিষয়টি নিশ্চিত করেছেন জৈন্তাপুর মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোহাম্মদ মাহবুবুর রহমান মোল্লা। তিনি জানান, আটক ব্যক্তিরা অবৈধভাবে ভারত থেকে দেশে ফিরে ওই বাড়িতে অবস্থান করছিলেন। এসময় জৈন্তাপুর উপজেলার ডিবিরহাওর গ্রামের সাহেব মিয়ার ছেলে মো. হানিফ মিয়াকে (৩৫) আটক করা হয়। তার বিরুদ্ধে মানবপাচারের অভিযোগ রয়েছে। পুলিশ জানায়, রোববার দুপুর সাড়ে ১২টার দিকে নিজপাট ইউনিয়নের উজানী নগর গ্রামের আব্দুল করিমের তিনতলা বাড়ি হতে স্থানীয় লোকজন ১৪ জনকে আটক করে। খবর পেয়ে পুলিশ সদস্যরা ঘটনাস্থলে গিয়ে তাদেরকে আটক করে নিয়ে আসে। ওসি মোহাম্মদ মাহবুবুর রহমান মোল্লা বলেন, ভারত ফেরত ১৩ জন নারী পুরুষকে একটি বাড়ি থেকে আটক করা হয়েছে। তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ প্রক্রিয়াধীন রয়েছে। সোমবার তাদের আদালতে প্রেরণ করা হবে। (জাগো নিউজ ওয়েব পেজ: ১৭.০৫.২০২৬ রুবাইয়া)

### মোটরসাইকেলের ওপর অগ্রিম আয়কর আরোপের প্রস্তাব পুনর্বিবেচনার দাবি

২০২৬-২৭ অর্থবছরের প্রস্তাবিত বাজেটে মোটরসাই কেলের ওপর অগ্রিম আয়কর আরোপের প্রস্তাব পুনর্বিবেচনার দাবিতে যশোরে মানববন্ধন ও স্মারকলিপি অনুষ্ঠিত হয়েছে। রোববার (১৭ মে) দুপুরে বাংলাদেশ বাইকার অ্যাসোসিয়েশন যশোর জেলা শাখার উদ্যোগে প্রেসক্লাব যশোরের সামনে এ মানববন্ধন অনুষ্ঠিত হয়। এতে জেলার বিভিন্ন বাইকিং কমি উনিটির বাইকাররা অংশ নেন। মানববন্ধনে নেতৃত্ব দেন যশোর বাইকিং কমিউনিটির অ্যাডমিন ও সংগঠনের সভাপতি এসকে সুজন। পরে অংশগ্রহণকারীরা জেলা প্রশাসক বরাবর একটি স্মারকলিপি দেন। (জাগো নিউজ ওয়েব পেজ: ১৭.০৫.২০২৬ রুবাইয়া)

## রেডিও টুডে

### বাড়ছে ডেঙ্গুর প্রকোপ; আক্রান্ত ২৯০০, নিহত ৫

বর্ষার আগেই বাড়ছে ডেঙ্গু। চলতি বছর আক্রান্ত ২৯শ,, মৃত্যু হয়েছে ৫ জনের। বেশি আক্রান্ত ঢাকা বিভাগে। বিশেষজ্ঞরা বলছেন, হামের মতো ডেঙ্গু যেন বৃদ্ধি না পায়, সেজন্য সরকার ও সিটিগুলোকে সমন্বিত উদ্যোগ নিতে হবে। এদিকে, দক্ষিণ সিটি মশা নিয়ন্ত্রণ ও স্বাস্থ্যখাতে ৫৭ কোটি ৪৪ লাখ টাকা বরাদ্দ রেখেছে। উত্তর সিটি বরাদ্দ রেখেছে প্রায় ১৮৭ কোটি ৭৫ লাখ টাকা। দক্ষিণ সিটি প্রশাসক বলছেন, লার্ভা চিহ্নিতে ৭৫টি ওয়ার্ডে জরিপ টিম করা হয়েছে। আর ঈদের পর সপ্তাহে ৩ দিন মশার ফগিং কার্যক্রম চলবে উত্তর সিটিতে। বর্ষা শুরু হয়নি পুরোপুরি। এরই মধ্যে বাড়ছে ডেঙ্গুর শঙ্কা। রাজধানীসহ দেশের বিভিন্ন এলাকায় জমে থাকা পানিতে বাড়ছে এডিস মশার বিস্তার। স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য অনুযায়ী, চলতি বছর এখন পর্যন্ত ডেঙ্গু আক্রান্তের সংখ্যা দাঁড়িয়েছে প্রায় ২ হাজার ৯০০ জনে। এর মধ্যে মৃত্যু হয়েছে ৫ জনের। তথ্য বলছে, আক্রান্তদের প্রায় ৬৩ শতাংশ পুরুষ এবং ৩৭ শতাংশ নারী। গত তিন বছর ধরে দেশে ডেঙ্গু পরিস্থিতি ভয়াবহ আকার ধারণ করেছে। এর মধ্যে ২০২৩ সালে রেকর্ড তিন লাখের বেশি মানুষ আক্রান্ত হন আর প্রাণ হারান ১ হাজার ৭০৫ জন। আক্রান্তরা বলছেন, সরকারের পাশাপাশি নাগরিক সচেতনতা তৈরি না হলে ডেঙ্গু মোকাবিলা সম্ভব নয়। আক্রান্তরা জানান, প্রথমে জ্বর আসছে, আবার আমরা ডাক্তার দেখিয়ে ঔষধ খাচ্ছি। ভাবছি ভালো হয়ে যাবে। মাঝখানে দুই দিন গ্যাপ গেলো, জ্বর গেল না, আবার পরীক্ষাতে ধরা পড়লো ডেঙ্গু। সাধারণ জনগণ হিসেবে, সচেতন জনগণ হিসেবে আমাদেরও দায়িত্ব আমাদের চারপাশ, আমাদের পরিবেশ পরিষ্কার-পরিচ্ছন্ন রাখা। এ অবস্থায় এবার আগেভাগেই মাঠে নেমেছে রাজধানীর দুই সিটি করপোরেশন। দক্ষি ণে জনসচেতনতামূলক প্রচারণার পাশাপাশি, মশার লার্ভা চিহ্নিত করতে ৭৫টি ওয়ার্ডেই করা হয়েছে জরিপ টিম। পাশাপাশি কেনা হচ্ছে নতুন ফগিং মেশিন। ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের প্রশাসক মো. আব্দুস সালাম বলেন, ”লার্ভাগুলো কোথায় বেশি উৎপাদিত হয়, সেগুলোকে আইডেন্টিফাইড করা। কো নটা একেবারে মানে ডেঞ্জারাস, কোনটা কম ডেঞ্জার, কোনটা ডেঞ্জার না - এইভাবে মূল্যায়ন করে তারপরে আমরা ওই সমস্ত ওয়ার্ডগুলোর উপরে আমরা বেশি জোর দেবো। আমাদের যত সংস্থাগুলো আছে, সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানগুলো আছে, তাদেরকেও আমরা উৎসাহিত করছি যে, তারা যাতে যার যার বি ল্ডিংগুলো পরিষ্কার রাখে, আঙিনাটা পরিষ্কার রাখে, কোথাও যাতে পানি না জমে।„ ঢাকা উত্তর সিটির প্রশাসক জানালেন কোরবানি ঈদের পর সপ্তাহে দুইদিনের পরিবর্তে ৩ দিন করে ফগিং কার্যক্রম চালানো হবে। তবে জনসচেতনতার বিকল্প নেই।

ঢাকা উত্তর সিটি করপোরেশনের প্রশাসক মো. শফিকুল ইসলাম খান মিল্টন বলেন, ”প্রতি সপ্তাহে আমাদের প্রতিটি ওয়ার্ডে আমরা দুইদিন মশার ঔষধ দিয়ে থাকি স্বাভাবিকভাবে। সকাল বেলা স্প্রে করি, বিকালে ফগার মেশিন দিয়ে

ধোঁয়া দিয়ে যে মশা নিধন করা , সেটা করি। আমরা আগামী কোরবানির পর থেকে সেটাকে একদিন বাড়িয়ে দেওয়ার একটা পরিকল্পনা করেছি। শুধু মশার ঔষধ দিয়ে এটা নিয়ন্ত্রণে রাখাটা কষ্ট। নর্দমা , ড্রেনগুলো যেখানে অপরিষ্কার - পরিচ্ছন্ন, বর্জ্য ব্যবস্থাপনা, সেটার দিকে আমরা অনেক জোর দিয়েছি।„ জনস্বাস্থ্য বিশেষজ্ঞদের আশঙ্কা, এবছর হামের সাথে ডেঙ্গুর প্রাদুর্ভাব বাড়লে দুর্যোগ পরিস্থিতির সৃষ্টি হবে। তাই মৌসুম ভেদে না করে সিটি করপোরেশনগুলোকে বছরব্যাপী কার্যক্রম পরিচালনার আহ্বান তাদের। জনস্বাস্থ্য বিশেষজ্ঞ ডা. লেলিন চৌধুরী বলেন, "সারা দেশে একযোগে দুই থেকে তিনদিনের একটি কর্মসূচি নিতে হবে , যেখানে ডেঙ্গুর বাহক যে এডিস মশার দুটো ধরন , দুটোকেই দুটোর বাসস্থান এবং ডিম পাড়ার জায়গাটি পরিষ্কার -পরিচ্ছন্ন করার জন্য। বিশ্ব স্বাস্থ্য সংস্থা কম বয়সিদের জন্য একটি ডেঙ্গুর টিকা অনুমোদন দিয়েছে, সেটি যতটা সম্ভব টার্গেট গ্রুপকে দেওয়া।„ ডেঙ্গু এখন আর শুধু মৌসুমি রোগ নয়, বরং নগর ব্যবস্থাপনা ও জনসচেতনতার বড়ো একটি চ্যালেঞ্জ। গত কয়েক বছরের ভয়াবহ অভিজ্ঞতা বলছে , ডেঙ্গু ইস্যুতে অবহেলার সুযোগ নেই। বর্ষা সামনে রেখে এখনই সমন্বিত উদ্যোগ না নিলে আক্রান্তের সংখ্যা বাড়তে পারে এবং গত বছরের মতো পরিস্থিতি আবারও ভয়াবহ হতে পারে। তাই সরকারকে এখনই কার্যকর পদক্ষেপ নেওয়ার আহ্বান বিশেষজ্ঞদের।(রেডিও টুডে ওয়েব পেজ: ১৭.০৫.২০২৬ এলিনা)

## রোকেয়া বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্যকে ট্র্যাইব্যুনালে হাজির

জুলাই গণ -অভ্যুত্থানের প্রথম শহিদ আবু সাঈদ হত্যায় সংঘটিত মানবতাবিরোধী অপরাধের মামলায় সাজাপ্রাপ্ত আসামি, রংপুর বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের (বেরোবি) সাবেক ভিসি হাসিবুর রশিদকে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে হাজির করা হয়েছে। রোববার দুপুর ১২টা ২৪ মিনিটে তাকে ট্রাইব্যুনালে হাজির করা হয়। গতকাল (শনিবার) রাতে রাজধানীর মোহাম্মদপুরের সলিমুল্লাহ রোডের একটি বাসা থেকে হাসিবুর রশিদকে গ্রেফতার করে পুলিশ। এদিন বেরোবির সাবেক এই ভিসিকে ট্রাইব্যুনাল -২-এর চেয়ারম্যান বিচারপতি নজরুল ইসলাম চৌধুরীর নেতৃত্বাধীন বিচারিক প্যানেলে হাজির করা হবে। এরপর তাকে কারাগারে পাঠানোর আবেদন করবে প্রসিকিউশন। এর আগে, ৯ এপ্রিল শহিদ আবু সাঈদ হত্যার দায়ে মানবতাবিরোধী অপরাধের এ মামলায় ২৮ জনকে বিভিন্ন মেয়াদে সাজা দেন ট্রাইব্যুনাল-২। এর মধ্যে প্রধান আসামি হিসেবে হাসিবুর রশিদকে ১০ বছরের কারাদণ্ড দেওয়া হয়। তবে ২০২৪ সালের ৫ আগস্ট শেখ হাসিনার সরকারের পতনের পর থেকেই তিনি পলাতক ছিলেন।
(রেডিও টুডে ওয়েব পেজ: ১৭.০৫.২০২৬ এলিনা)

## ডুয়েটে ভিসি নিয়োগকে কেন্দ্র করে ত্রিমুখী সংঘর্ষে আহত ১৭

গাজীপুরের ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (ডুয়েট) নতুন ভিসি নিয়োগকে কেন্দ্র করে আন্দোলনকারী সাধারণ শিক্ষার্থী, ভিসি সমর্থক ও পুলিশের মধ্যে ত্রিমুখী সংঘর্ষের ঘটনা ঘটেছে। সংঘর্ষে গাজীপুর সদর মেট্রোপলিটন থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আমিনুল ইসলামসহ ৫ পুলিশ সদস্য এবং ১২ জন সাধারণ শিক্ষার্থী গুরুতর আহত হয়েছেন। রোববার সকাল ১০টা থেকে শুরু হওয়া এই সংঘর্ষ চলছে এখনও (দুপুর দেড়টা পর্যন্ত )। সকালে বিশ্ববিদ্যালয়-সংলগ্ন শহিদ মিনার প্রাঙ্গণে আন্দোলনরত শিক্ষার্থীরা জড়ো হলে এই সংঘাতের সূত্রপাত হয়। গত বুধবার শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (শাবিপ্রবি) অধ্যাপক ড. মোহাম্মদ ইকবালকে ডুয়েটের ভিসি হিসেবে নিয়োগ দেয় সরকার। প্রজ্ঞাপন জারির পরপরই তা প্রত্যাখ্যান করেন শিক্ষার্থীরা। এর পর থেকে আন্দোলনে নামেন ডুয়েটের সাধারণ শিক্ষার্থীদের একটি বড়ো অংশ। পূর্বঘোষিত কর্মসূচি অনুযায়ী , আজ রোববার সকালে `নবাগত ভিসিকে লাল কার্ড, প্রদর্শনীর লক্ষ্যে ছাত্ররা শহিদ মিনারে জড়ো হতে থাকেন। এসময় নবাগত ভিসির সমর্থক ও বহিরাগতদের একটি দল আন্দোলনকারীদের ওপর অতর্কিত হামলা চালায় বলে অভিযোগ ওঠে। পরবর্তীতে পরিস্থিতি নিয়ন্ত্রণে পুলিশ লাঠিচার্জ শুরু করলে তা আন্দোলনকারী , উপাচার্য সমর্থক ও পুলিশের মাঝে ত্রিমুখী সংঘর্ষে রূপ নেয়।(রেডিও টুডে ওয়েব পেজ: ১৭.০৫.২০২৬ এলিনা)

## বাংলাদেশ থেকে ৬ হাজার ড্রাইভার নেবে দুবাই

বাংলাদেশ থেকে চলতি বছরে নতুন করে ৬ হাজার দক্ষ ড্রাইভার নিয়োগ দেবে দুবাই ট্যাক্সি কোম্পানি। এর অংশ হিসেবে আগামীকাল সোমবার থেকে বাংলাদেশ -কোরিয়া কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রে চালক নিয়োগের ইন্টারভিউ শুরু হবে। রোববার প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ে মন্ত্রী আরিফুল হক চৌধুরীর সঙ্গে দুবাই ট্যাক্সি কোম্পানির প্রতিনিধি দলের সৌজন্য সাক্ষাৎকালে এ তথ্য জানানো হয়। এসময় মন্ত্রী প্রতিনিধি দলকে বাংলাদেশ থেকে দক্ষ ড্রাইভার নিয়োগের জন্য ধন্যবাদ জানান এবং ভবিষ্যতেও এই কার্যক্রম অব্যাহত থাকবে বলে আশা প্রকাশ করেন। তিনি বলেন, পুরো প্রক্রিয়ায় মন্ত্রণালয়ের পক্ষ থেকে সব ধরনের সহযোগিতা দেওয়া হবে। দুবাই যাওয়ার পর প্রশিক্ষণকালীন সময়ে কর্মীদের বেতন -ভাতা দেওয়ার ব্যবস্থা করতে কোম্পানিটির প্রতি আহ্বান জানান মন্ত্রী। একইসঙ্গে, বাংলাদেশ থেকে ডাক্তার ও নার্সসহ অন্যান্য পেশাজীবী কর্মী নিয়োগেরও অনুরোধ করেন। দুবাই ট্যাক্সি কোম্পানির প্রতিনিধিরা জানান, বর্তমানে বিশ্বের ২৭টি দেশের প্রায় ১৫ হাজার কর্মী তাদের প্রতিষ্ঠানে ট্যাক্সি ও লিমুজিন চালক হিসেবে কর্মরত রয়েছেন। এর মধ্যে প্রায় ৮ হাজারই বাংলাদেশি নাগরিক। বাংলাদেশি কর্মীদের দক্ষতা ও

পরিশ্রমের কারণে তাদের অগ্রাধিকার ভিত্তিতে নিয়োগ দেওয়া হয় বলেও জানান তারা। তারা আরও জানান, আগামীকাল থেকে শুরু হওয়া ইন্টারভিউয়ের মাধ্যমে নতুন করে দেড় হাজার চালক যাচাই-বাছাই করা হবে। (রেডিও টুডে ওয়েব পেজ: ১৭.০৫.২০২৬ এলিনা)

## চামড়া খাত থেকে ১২ বিলিয়ন ডলার আয় সম্ভব: শিল্পমন্ত্রী

শিল্পমন্ত্রী খন্দকার আব্দুল মোক্তাদির বলেছেন, চামড়া দেশের রপ্তানি খাতের অন্যতম সম্ভাবনাময় শিল্প। সঠিক পরিকল্পনা ও আধুনিক ব্যবস্থাপনার মাধ্যমে এ খাত থেকে বছরে ১২ বিলিয়ন ডলার আয় করা সম্ভব। সাভারের হেমায়েতপুরের হরিণধরা এলাকায় চামড়া শিল্পনগরীর কেন্দ্রীয় বর্জ্য পরিশোধনাগার (সিইটিপি) পরিদর্শন শেষে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি আজ এসব কথা বলেন। এর আগে, তিনি বিসিক কার্যালয়ে ট্যানারি মালিকদের সঙ্গে মতবিনিময় সভায় অংশ নেন। শিল্পমন্ত্রী বলেন, হাজারীবাগ থেকে ট্যানারি শিল্পকে সাভারে স্থানান্তরের প্রক্রিয়া ছিল অপরিকল্পিত ও অবহেলা পূর্ণ। ফলে শিল্পটি প্রত্যাশিত পর্যায়ে পৌঁছাতে পারেনি। বিগত বছরগুলোতে এ খাত কার্যত ক্ষতিগ্রস্ত হয়েছে। অথচ দেশে সারা বছর যে পরিমাণ কাঁচা চামড়া সংগ্রহ হয়, তা যথাযথভাবে প্রক্রিয়াজাত ও রপ্তানি করা গেলে বিপুল বৈদেশিক মুদ্রা অর্জন সম্ভব। তিনি বলেন, আসন্ন ঈদুল আজহাকে সামনে রেখে অতিরিক্ত বর্জ্যের চাপ মোকাবিলায় সাভারের চামড়া শিল্পনগরীর সিইটিপির বর্তমান সক্ষমতা যথেষ্ট নয়। বর্তমানে প্রি-ট্রিটমেন্টের মান বজায় রেখে প্রতিদিন ১৪ হাজার থেকে ১৮ হাজার সিপিএম বর্জ্য পরিশোধনের সক্ষমতা রয়েছে। তবে ঈদ মৌসুমে ট্যানারিগুলোতে কাঁচা চামড়া প্রক্রিয়াজাতের পরিমাণ কয়েকগুণ বেড়ে যাওয়ায়, দৈনিক বর্জ্য পরিশোধনের চাহিদা প্রায় ৪৫ হাজার সিপিএমে পৌঁছে যায়। এতে সিইটিপির ওপর অতিরিক্ত চাপ সৃষ্টি হয় এবং কার্যক্রম ব্যাহত হওয়ার আশঙ্কা থাকে। মন্ত্রী বলেন, ঈদকে কেন্দ্র করে ট্যানারি শিল্পে উৎপাদন বৃদ্ধি পাওয়া স্বাভাবিক। কিন্তু সেই বাড়তি উৎপাদনের সঙ্গে সামঞ্জস্য রেখে বর্জ্য ব্যবস্থাপনা সক্ষমতা বাড়ানো জরুরি। পরিবেশ সুরক্ষা নিশ্চিত করতে সরকার বিষয়টিকে গুরুত্বের সঙ্গে বিবেচনা করছে। (রেডিও টুডে ওয়েব পেজ: ১৭.০৫.২০২৬ এলিনা)

## ২০২৮ সালে প্রাথমিকের শিক্ষার্থীরা নতুন কারিকুলাম পাবে: প্রাথমিক ও গণশিক্ষা প্রতিমন্ত্রী

ডিজাইন, পাইলটিং ও প্রশিক্ষণ শেষে ২০২৮ সালে প্রাথমিকের শিক্ষার্থীরা নতুন কারিকুলাম পাবে বলে জানিয়েছেন প্রাথমিক ও গণশিক্ষা প্রতিমন্ত্রী ববি হাজ্জাজ। তিনি বলেন, ২০২৭-২৮ সালের ভেতরে শিক্ষকদের এই নতুন কারিকুলামে প্রশিক্ষিত করা হবে। ময়মনসিংহে অবস্থিত জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (ন্যাপ) সম্মেলন কক্ষে রোববার দুপুরে, আয়োজিত প্রাথমিক স্তরের বাংলা ভাষার দক্ষতা উন্নয়ন পাইলটিং কার্যক্রমের বেইজলাইন রিপোর্ট শেয়ারিং বিষয়ক সভায় প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন তিনি। প্রতিমন্ত্রী ববি হাজ্জাজ বলেন, আমরা আমাদের প্রাথমিক শিক্ষা ব্যবস্থায় অনেক জায়গায় পিছিয়ে আছি। এটাকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য প্রত্যেকটা প্রচেষ্টাকে আমি স্বাগত জানাই। আমাদের শিক্ষা ব্যবস্থায় শিক্ষার্থীরা ফেল করছে। শিক্ষা ব্যবস্থা আমরা শিক্ষার্থীদের শেখানোর মতো করে তৈরি করি নাই। শিক্ষা ব্যবস্থা হতে হবে যেখানে শেখানো যাবে। শেখানোর জায়গা থেকে আমরা অনেক দূরে সরে এসেছি। (রেডিও টুডে ওয়েব পেজ:১৭.০৫.২০২৬ আসাদ)

## জ্বালানি খাতের দুষ্টচক্র ভেঙে নিরাপত্তায় ৫ উদ্যোগ সরকারের

প্রধানমন্ত্রীর অর্থ ও পরিকল্পনাবিষয়ক উপদেষ্টা রাশেদ আল মাহমুদ তিতুমীর বলেছেন, জ্বালানি খাতের কাঠামোগত দুর্বলতা ও `দুষ্টচক্র, ভেঙে জ্বালানি নিরাপত্তা নিশ্চিত করতে সরকার পাঁচটি মূল উদ্যোগ গ্রহণ করবে। আজ রোববার রাজধানীর প্যান প্যাসিফিক সোনারগাঁও হোটেলে আসন্ন বাজেটে নবায়নযোগ্য জ্বালানি প্রত্যাশা ও প্রাপ্তির সমীকরণ বিষয়ক আলোচনায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। আলোচনা সভাটি সমন্বিতভাবে আয়োজন করে বেসরকারি গবেষণা সংস্থা সেন্টার ফর পলিসি ডায়ালগ ও অনলাইন মিডিয়া ঢাকা স্ট্রিম। রাশেদ আল মাহমুদ তিতুমীর বলেন, উৎপাদন সক্ষমতা ও ব্যবহারের মধ্যে বড়ো ধরনের ফারাক, অস্বচ্ছ চুক্তি এবং জীবাশ্ম জ্বালানি নির্ভরতা দেশের জ্বালানি খাতে দীর্ঘমেয়াদি সংকট তৈরি করেছে। এই দুষ্টচক্র থেকে বেরিয়ে আসতে কাঠামোগত পরিবর্তন জরুরি। (রেডিও টুডে ওয়েব পেজ:১৭.০৫.২০২৬ আসাদ)

## জঙ্গল সলিমপুর নিয়ে পুলিশ সুপার মাসুদ আলমের হুঁশিয়ারি

চট্টগ্রাম জেলা পুলিশ সুপার মাসুদ আলম বলেছেন, "সন্ত্রাসীদের বিরুদ্ধে জিরো টলারেন্স নীতিতে কাজ করবে পুলিশ। রাউজান ও আশপাশের এলাকায় টার্গেট কিলিং, সন্ত্রাস ও চাঁদাবাজি বন্ধে কাজ করা হচ্ছে। জঙ্গল সলিমপুরকে আর রাষ্ট্রের ভেতরে রাষ্ট্র হিসেবে থাকতে দেওয়া হবে না। চট্টগ্রামকে সন্ত্রাসমুক্ত ও নিরাপদ রাখতে সব ধরনের পদক্ষেপ নেওয়া হচ্ছে। গোয়েন্দা সংস্থা ও পুলিশের সমন্বয়ে বড়ো পরিসরে পরিকল্পনা নেওয়া হচ্ছে।„ রোববার চট্টগ্রাম নগরের দুই নম্বর গেটে চট্টগ্রাম পুলিশ সুপার কার্যালয়ের কনফারেন্স রুমে গণমাধ্যমকর্মীদের সঙ্গে মতবিনিময় সভায় তিনি এসব কথা বলেন। চট্টগ্রামের নতুন এসপি মাসুদ আলম বলেন, জঙ্গল সলিমপুরকে ঘিরে সরকারের নানা পরিকল্পনা রয়েছে। সেখানে আইন-শৃঙ্খলা নিয়ন্ত্রণের অংশ হিসেবে পুলিশ ট্রেনিং সেন্টার ও পুলিশ একাডেমি স্থাপনের উদ্যোগ

নেওয়া হয়েছে। এতে অবকাঠামো উন্নয়ন হবে এবং আইন -শৃঙ্খলা পরিস্থিতিও স্বাভাবিক হবে। তিনি বলেন , এখন সোশ্যাল মিডিয়ার যুগ। অনেক সময় আগেই তথ্য ছড়িয়ে যায় । তাই, অভিযান বা গুরুত্বপূর্ণ ঘটনার তথ্য আপনাদের দ্রুত জানাতে আমরা চেষ্টা করবো। জনগণের আস্থা অর্জনে গণমাধ্যম গুরুত্বপূর্ণ অংশীদার। বস্তুনিষ্ঠ ও দায়িত্বশীল সাংবাদিকতা সমাজে ইতিবাচক পরিবর্তন আনতে সহায়ক ভূমিকা পালন করে।
(রেডিও টুডে ওয়েব পেজ:১৭.০৫.২০২৬ আসাদ)

## আমরা বিসিবি নির্বাচনে হস্তক্ষেপ করবো না: হাইকোর্ট

আগামী ৭ জুন বাংলাদেশ ক্রিকেট বোর্ডের নির্বাচন স্থগিত চেয়ে রিট আবেদন শোনেননি হাইকোর্ট। আদালত বলেছেন, আমরা বিসিবি নির্বাচনে হস্তক্ষেপ করবো না। রোববার বিচারপতি রাজিক আল জলিল ও বিচারপতি দেবাশীষ রায় চৌধুরীর হাই কোর্ট বেঞ্চ এ মন্তব্য করেন। আদালতে রিটের পক্ষে ছিলেন অ্যাডভোকেট মহসীন রশিদ। রাষ্ট্রপক্ষে শুনানি করেন অ্যাটর্নি জেনারেল মো . রুহুল কুদ্দুস কাজল। বিসিবির পক্ষে ছিলেন ব্যারিস্টার মাহিন এম রহমান। এর আগে, বিসিবি নির্বাচন স্থগিত চেয়ে আবেদন করেন মোশাররফ হোসেন নামে এক ব্যক্তি। পরে ব্যারিস্টার মাহিন এম রহমান বলেন, "আদালত বলেছেন, আমরা বিসিবি নির্বাচনে কোনো ধরনের হস্তক্ষেপ করবো না। „ এদিকে, গতকাল (শনিবার, ১৬ মে) তামিম ইকবালের নেতৃত্বাধীন বিসিবির ১১ সদস্য বিশিষ্ট অ্যাডহক কমিটি বাতিল চেয়ে হাইকোর্টে রিট করা হয়। সাবেক ক্রিকেটার ও বিসিবির কর্মকর্তাসহ ১২ জন এ রিট আবেদনটি দায়ের করেন।
(রেডিও টুডে ওয়েব পেজ:১৭.০৫.২০২৬ আসাদ)

## প্রধানমন্ত্রীর সঙ্গে কাতারের শ্রমমন্ত্রীর সাক্ষাৎ

প্রধানমন্ত্রী তারেক রহমানের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন কাতারের শ্রমমন্ত্রী ড . আলী বিন সামিখ আল মাররি। আজ রোববার সন্ধ্যায় রাজধানী ঢাকায় রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় এ সাক্ষাৎ অনুষ্ঠিত হয়। এ সময় প্রধানমন্ত্রীর পররাষ্ট্রবিষয়ক উপদেষ্টা হুমায়ুন কবির এবং কাতারের পররাষ্ট্র মন্ত্রণালয়ের অ্যাম্বাসেডর ব্রেক সাঈদ আল -সামিখ উপস্থিত ছিলেন। (রেডিও টুডে ওয়েব পেজ:১৭.০৫.২০২৬ আসাদ)

## ফ্যামিলি কার্ড বিতরণে গরিবদের বঞ্চিত করেছেন আমলারা

প্রধানমন্ত্রী তারেক রহমানের ড্রিম প্রজেক্ট ফ্যামিলি কার্ড বিতরণে গরিবদের বঞ্চিত করে আমলারা অন্যায় করেছেন বলে মন্তব্য করেছেন ডেপুটি স্পিকার ব্যারিস্টার কায়সার কামাল। রোববার সকালে ঢাকা রিপোর্টার্স ইউনিটি তে `চাষাভূষার সন্তান, গ্রন্থের প্রাসঙ্গিকতা ও করণীয় শীর্ষক সেমিনারে এ কথা বলেন তিনি। ডেপুটি স্পিকার বলেন , "স্বাধীনতার পর থেকে হাওর অঞ্চল নিয়ে কোনো টেকসই বা বৈজ্ঞানিক পরিকল্পনা নেওয়া হয়নি। মৎস্য চাষ ও উন্নয়নের নামে ইজারা বা লিজ দিয়ে হাও র ধ্বংসের নৈরাজ্য চলছে।„ তিনি আরও বলেন , "হাওরের ক্ষয়ক্ষতির সরকারি তালিকায় প্রকৃত ক্ষতির চেয়ে তিনগুণ বেশি ভুয়া নাম অন্তর্ভুক্তির অভিযোগ করেন তিনি। „ হাওরের প্রকৃত সমস্যা ও কারণ নির্ধারণে একটি `স্পেশাল টাস্ক ফোর্স, গঠনের দাবি জানান কায়সার কামাল। অনুষ্ঠানে বক্তারা হাও রের কৃষক-চাষীদের দুঃখ-দুর্দশা নিয়ে আলোচনা করেন। (রেডিও টুডে ওয়েব পেজ:১৭.০৫.২০২৬ আসাদ)

## জামায়াতে ইসলামীতে যোগ দিলেন মুক্তিযোদ্ধা কমান্ডার

চাঁদপুরের মতলব দক্ষিণ উপজেলা মুক্তিযোদ্ধা সংসদের কমান্ডার বীর মুক্তিযোদ্ধা ইঞ্জিনিয়ার মো . জসিমউদ্দীন প্রধান আনুষ্ঠানিকভাবে বাংলাদেশ জামায়াতে ইসলামীতে যোগদান করেছেন। শনিবার (১৬ মে) রাতে মতলব কমিউনিটি সেন্টারে অনুষ্ঠিত যুব ও সুধী সমাবেশে তিনি দলের আদর্শ ও কর্মসূচির প্রতি সমর্থন জানিয়ে আনুষ্ঠানিকভাবে তিনি জামায়াতে যোগ দেন। ওই সমাবেশেই সহযোগী সদস্য ফরম পূরণ করেন। সদ্য জামায়াতে যোগ দেওয়া মো . জসিমউদ্দীন ২০২৫ সালের ১৯ আগস্ট থেকে উপজেলা মুক্তিযোদ্ধা সংসদের আহ্বায়ক হিসেবে দায়িত্ব পালন করে আসছিলেন। (রেডিও টুডে ওয়েব পেজ:১৭.০৫.২০২৬ আসাদ)

## কোরবানির ঈদে ৭ দিন বন্ধ থাকবে অধস্তন আদালত

আসন্ন ঈদুল আজহা উপলক্ষ্যে আগামী ২৫ থেকে ৩১ মে দেশের সব অধস্তন আদালতের কার্যক্রম বন্ধ থাকবে। তবে সরকারি নির্দেশনা অনুযায়ী, ঈদের আগে সাপ্তাহিক ছুটির দিন শনিবার ২৩ মে এবং পরের দিন রোববার ২৪ মে দেশের সব অধস্তন আদালতের কার্যক্রম চলবে। রোববার সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগের ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মুহাম্মদ নুরুল আমিন বিপ্লবের সই করা এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। এর আগে , গত ঈদুল আজহা উপলক্ষ্যে সরকারি-বেসরকারি সব অফিসের জন্য টানা ৭ দিনের সাধারণ ছুটি ঘোষণা করে সরকার। গত ১৪ মে জনপ্রশাসন মন্ত্রণালয় এসংক্রান্ত প্রজ্ঞাপন জারি করে। (রেডিও টুডে ওয়েব পেজ:১৭.০৫.২০২৬ আসাদ)

## ভারত থেকে গরু আসতে দেওয়া হবে না : প্রাণিসম্পদ প্রতিমন্ত্রী

আসন্ন পবিত্র ঈদুল আজহায় দেশের চাহিদা মেটাতে পশুর পর্যাপ্ত মজুত রয়েছে জানিয়ে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী সুলতান সালাউদ্দিন টুকু বলেছেন , কোরবানির জন্য পার্শ্ববর্তী দেশ থেকে গরু আনার কোনও

প্রয়োজন নেই। দেশে চাহিদার তুলনায় অনেক বেশি গরু রয়েছে। বাইরে থেকে যেন কোনও পশু দেশে প্রবেশ করতে না পারে, সে বিষয়ে সীমান্তরক্ষী বাহিনী বিজিবিকে সর্বোচ্চ সজাগ থাকতে নির্দেশনা দে ওয়া হয়েছে। রোববার বিকেলে বগুড়া শহরের মম ইন কনভেনশন সেন্টারে `টেকসই প্রাণিসম্পদ উন্নয়ন : আধুনিক খামার ব্যবস্থাপনা, বাজার সংযোগ ও ভ্যালু চেইন, শীর্ষক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। প্রতিমন্ত্রী বলেন , বাংলাদেশ এখন কোরবানির পশু উৎপাদনে স্বয়ংসম্পূর্ণ। ভবিষ্যতে দেশ পশু রপ্তানির দিকেও এগিয়ে যাবে বলে তিনি আশা প্রকা শ করেন। (রেডিও টুডে ওয়েব পেজ:১৭.০৫.২০২৬ আসাদ)

## শিশু খাদিজার সর্বোচ্চ চিকিৎসার নির্দেশ প্রধানমন্ত্রীর

নিজেদের যমজ সন্তানের একজনকে হারিয়েছেন মাসখানেক আগে। অন্য সন্তান সাত মাস বয় সি খাদিজাও হাম-পরবর্তী নিউমোনিয়ায় আক্রান্ত হয়ে হাসপাতালের বিছানায় লড়ছে জীবনের সঙ্গে ।সন্তানকে বাঁচাতে হন্যে হয়ে হাসপাতাল থেকে হাসপাতালে ছুটে বেড়াচ্ছিলেন মা-বাবা। গণমাধ্যমে এমন খবর দেখে গভীর উদ্বেগ প্রকাশ করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। পাঠিয়েছেন আর্থিক সহায়তা , নির্দেশ দিয়েছেন সর্বোচ্চ চিকিৎসা নিশ্চিত করার। রবিবার গণমাধ্যমে `এবার খাদিজাকে নিয়ে মা-বাবার ছোটাছুটি, শিরোনামে একটি সংবাদ প্রকাশিত হলে তা প্রধানমন্ত্রীর নজরে আসে। এরপরই তিনি শিশুটির শারীরিক অবস্থা নিয়ে উদ্বেগ প্রকাশ করেন এবং দ্রুত খোঁজ-খবর নেওয়ার নির্দেশ দেন। প্রধানমন্ত্রীর নির্দেশ পেয়ে নারায়ণগঞ্জের সিদ্ধিরগঞ্জ উপজেলার সাইনবো র্ড এলাকায় অবস্থিত বাংলাদেশ নবজাতক হাসপাতালে যান ডা. আ ন ম মনোয়ারুল কাদির বিটু। তিনি সেখানে চিকিৎসাধীন শিশু খাদিজার শারীরিক অবস্থার খোঁজ নেন এবং দায়িত্বরত চিকিৎসকদের সঙ্গে কথা বলে সর্বোচ্চ চিকিৎসাসেবা নিশ্চিত করার আহ্বান জানান। এ সময় প্রধানমন্ত্রীর পক্ষ থে কে খাদিজার পরিবারের হাতে আর্থিক সহায়তা ও ফলমূল তুলে দেওয়া হয়। প্রধানমন্ত্রীর এই মানবিক উদ্যোগ ও সহমর্মিতার কথা জানতে পেরে আবেগাপ্লুত হয়ে পড়েন খাদিজার মা সায়মা বেগম। সন্তানের শয্যার পাশে দাঁড়িয়ে কৃতজ্ঞতা প্রকাশ করে তিনি ছোট্ট খাদিজার সুস্থতার জন্য দেশবাসীর কাছে দোয়া চান।
(রেডিও টুডে ওয়েব পেজ:১৭.০৫.২০২৬ আসাদ)

# BBC

## WHO DECLARES EBOLA OUTBREAK IN DR CONGO A GLOBAL HEALTH EMERGENCY

The World Health Organization (WHO) has declared an Ebola outbreak in the Democratic Republic of Congo a public health emergency of international concern. The agency said the outbreak in DR Congo's eastern Ituri province, which has seen around 246 suspected cases and 80 deaths reported, does not meet the criteria of a pandemic emergency. But it warned it could potentially be "a much larger outbreak" than what is currently being detected and reported, with significant risk of local and regional spread. The current strain of Ebola is caused by the Bundibugyp virus, the health agency said, for which there are no approved drugs or vaccines. Early symptoms include fever, muscle pain, fatigue, headache and sore throat, and are followed by vomiting, diarrhoea, a rash and bleeding.
(BBC News Web Page: 17/05/26, FARUK)

## LARGE-SCALE UKRAINIAN DRONE ATTACK KILLS THREE IN MOSCOW REGION

Three people were killed overnight in a large-scale Ukrainian drone attack on the Moscow region, Russian officials have said. A woman died in a house in Khimki, north of the capital, where a person was trapped under rubble, regional governor Andrei Vorobiev said. A man and a woman were killed in the village of Pogorelki. Moscow Mayor Sergei Sobyanin said 12 people were injured in strikes on a city oil refinery. Russia's military said 556 drones were intercepted. Ukrainian President Volodymyr Zelensky said the strikes were an "entirely justified" response to deadly Russian attacks on Ukrainian cities.
(BBC News Web Page: 17/05/26, FARUK)

## TAIWAN INSISTS IT IS INDEPENDENT AFTER TRUMP WARNING

Taiwan has insisted it is a sovereign, independent nation, after US President Donald Trump cautioned it against formally declaring independence from China. Trump's remarks came after a two-day summit in Beijing, after which he said he had "made no commitment either way" about the self-governing island - which China claims as part of its territory and has not ruled out taking by force. After talks with Chinese President Xi Jinping, Trump also said he would soon decide whether to approve an $11bn package of weapons to be sold to Taiwan. The US administration is bound by law to provide Taiwan with a means of self-defence, but has frequently had to square this alliance with maintaining a diplomatic relationship with

China. Taiwanese President Lai Ching-te has previously stated that Taiwan does not need to declare formal independence because it already sees itself as a sovereign nation.
(BBC News Web Page: 17/05/26, FARUK)

**CANADIAN FROM HANTAVIRUS-HIT CRUISE SHIP TESTS POSITIVE**

A Canadian who sailed on the cruise ship MV Hondius which was hit by a hantavirus outbreak in April has tested positive for the disease, officials in the province of British Columbia say. The individual, one of four people isolating on Vancouver Island after leaving the ship, had developed mild symptoms. The province's senior health officer said the four had not had any contact with the public since arriving in Canada. The case brings the total number of infections to 11, all among cruise passengers. Three people who travelled on the ship have died, with two confirmed to have had the virus.
(BBC News Web Page: 17/05/26, FARUK)

**TODDLERS AMONG MORE THAN 50 SCHOOLCHILDREN KIDNAPPED IN NIGERIA**

Gunmen have kidnapped more than 50 children from three schools in the same town in north-eastern Nigeria, teachers and parents have told the BBC. Most of those missing are aged between two and five years old. Eyewitnesses who saw the attacks on Friday morning in Mussa, Borno state, say the suspects used the children as human shields while fleeing on motorbikes, preventing security forces from opening fire. No group has claimed responsibility for the attacks. Government officials have not responded to the BBC's request for comment, but a press statement issued on Saturday by Senator Ali Ndume of Borno South said at least 42 children had been abducted from two schools. (BBC News Web Page: 17/05/26, FARUK)

**TWO NEPALI SHERPA CLIMBERS BREAK OWN RECORDS ON MOUNT EVEREST**

Two renowned Nepali guides have scaled Mount Everest with one called the "Everest Man" breaking his own record set last year with a 32nd climb and the other, known as the "Mountain Queen", breaking her own women's record with an 11th summit. "This is another milestone in Nepal's mountaineering history," Himel Gautam, spokesperson for Nepal's Tourism Department, told the AFP news agency on Sunday. Kami Rita Sherpa, 56, first stood on top of the world's highest mountain in 1994 while working for a commercial expedition. Since then, he has continued to guide clients climbing Mount Everest almost every year, reaching the summit twice in some years. Lhakpa Sherpa, 52, first stood on top of Everest in 2000, becoming the first Nepali woman to successfully summit and descend the Himalayan peak. (BBC News Web Page: 17/05/26, FARUK)

**HEZBOLLAH DRONE STRIKE VIDEOS SHOW EVOLVING TACTICS AGAINST ISRAEL**

Hezbollah has increased its use of small first-person view (FPV) drones to attack Israel, including systems controlled by fiber-optic cables to evade sophisticated defences. BBC Verify has geolocated 35 videos shared by the Lebanese armed group since 26 March which show strikes on Israeli soldiers, armoured vehicles and air defence systems in southern Lebanon and northern Israel. Experts told BBC Verify the Israel Defense Forces (IDF) has "so far been unable to develop any effective countermeasures", as the small drones can easily bypass detection systems. The drones can also be made from commercially available and 3D-printed components - and are cheap compared to the high-value targets they can destroy, experts also said. The use of cheap FPV drones has become widespread during the Russia-Ukraine war and has changed modern warfare.
(BBC News Web Page: 17/05/26, FARUK)

## :: THE END ::